৪। যদি এক টাকাতে ২৸৶১২৷৷ কড়ি পাওয়া যায়, তবে টাকা ৫৷৶০তে কত কড়ি পাওয়া যাইবে?

৫। এক টাকাতে ৩৸৶৭৷৷ কড়ি পাওয়া গেলে টাকা ৭৷৷৶০তে কত কড়ি পাওয়া যাইবে?

৬। যদি এক টাকাতে ৭৷৶২৷৷ কড়ি পাওয়া যায় তবে টাকা ৪৷৷৶০তে কত কড়ি পাওয়া যাইবে?

৭। এক আনাতে ৷৶৭৷৷ কড়ি পাওয়া গেলে টাকা ১৩৷৷৴০তে কত কড়ি পাওয়া যাইবে?

৮। যদি ৷৷০ আনাতে ৷৶১৭৷৷ কড়ি পাওয়া যায় তবে টাকা ১২৷৷৶০তে কত কড়ি পাওয়া যাইবে?

৯। যদি এক টাকাতে ৭৷৷৶১০৷৷ কড়ি হয় তবে ৮৷৶০তে কত কড়ি পাওয়া যাইবে?

১০। এক টাকাতে ১৩৸৶৫৷ কড়ি হইলে, ১০৷৷৴০তে কত কড়ি পাওয়া যাইবে?

১১। এক টাকাতে ১০৷৷৶১০ কড়ি হইলে, ৫৷৶১০তে কত কড়ি পাওয়া যাইবে?

১২। এক টাকাতে ১২৷৶১৭৷ কড়ি হইলে, ৮৴১২তে কত কড়ি পাওয়া যাইবে?

১৩। এক আনাতে ৷৴১২৷৷ কড়ি হইলে, ১৷৴৭তে কত কড়ি পাওয়া যাইবে?

১৪। এক টাকাতে ৩৷৷৶৭৷৷ কড়ি হইলে, ১৷৴৭৷৷তে কত কড়ি পাওয়া যাইবে?

১৫। এক টাকাতে ৭।/২॥ কড়ি হইলে, ১০৩৸৶/১৭॥ত্তে কত কড়ি পাওয়া যাইবে ?

১৬। ১৴ কাহন কড়ির দাম ॥/৭॥ ; ৩॥৶০ কড়ির দাম কত ?

১৭। ১৴ কাহন কড়ির দাম ।৵১২॥ ; ৩॥/০ কড়ির দাম কত ?

১৮। যদি ৻১৭॥তে /০ কড়ি পাওয়া যায় তবে ২।/০ পণ কড়ির দাম কত ?

১৯। যদি ১৴ কাহন কড়ির দাম ১।/১৫॥ হয় তবে ৩৸৶০ কড়ির দাম কত ?

২০। যদি ১৴ কাহন কড়ির দাম ৩॥৶৭॥ হয় তবে ৮৸৶০ কড়ির দাম কত ?

২১। যদি ১৴ কাহন কড়ির দাম ১।৶৩। হয় তবে ৭॥৶০ কড়ির দাম কত ?

২২। যদি /০ পণ কড়ির দাম ৻১৭। হয় তবে ১৩৸/০ কড়ির দাম কত ?

২৩। যদি /০ পণ কড়ির দাম ৻১৩। হয় তবে ৭॥১০ কড়ির দাম কত ?

২৪। যদি /০ পণ কড়ির দাম /১। হয় তবে ৩৸/১৫ কড়ির দাম কত ?

২৫। যদি ১৴ কাহন কড়ির দাম ১।/৭॥ হয় তবে ১৬॥৵৭॥ কড়ির দাম কত ?

২৬। ১৴ কাহন কড়ির দাম ৩।/১৭॥ হইলে ৵২।৶১১। কড়ির দাম কত ?

২৭। ১৴ কাহন কড়ির দাম ৫॥/১১। হইলে ১৩।/১০॥ কড়ির দাম কত ?

২৮। ১৴ কাহন কড়ির দাম ১০॥৵১০॥ হইলে ১২৸১২॥ কড়ির দাম কত ?

২৯। ১৴ কাহন কড়ির দাম ৩।/৭॥ হইলে ১২।৶৮৸ কড়ির দাম কত ?

৩০। ১৴ কাহন কড়ির দাম ১০।/০ হইলে ২০৫৶২॥ কড়ির দাম কত ?

———o———

সরল মণকষা।

(প্রথম প্রকার।)

(১ মণের দরে সের ইত্যাদির প্রতি।)

মণ প্রতি যত তঙ্কা হইবেক দর।
তঙ্কা প্রতি অষ্ট গণ্ডা সের প্রতি ধর॥
আনা প্রতি দুই কড়া বুঝহ সুধীর।
গণ্ডা প্রতি ধরিয়া লইবে অষ্ট তিল॥
কড়া প্রতি দুই তিল শুভঙ্কর ভণে।
মণকষা কর শিশু আনন্দিত মনে॥

---

* মণ দরে সেরের দাম।

১ টাকা মণ হইলে ৪০ সেরের দাম = ১ টাকা

,,	,,	,,	/১	,,	,,	= ১৴ ÷ ৪০ = ৻৮
/০ আনা	,,	,,	/১	,,	,,	= ৻৮ ÷ ১৬ = ৻॥
৻১ গণ্ডা	,,	,,	/১	,,	,,	= ৻॥ ÷ ২০ = ৻৻৮
৶ কড়া	,,	,,	/১		,,	= ৻৻৮ ÷ ৪ = ৻৻২

সরল মণকষা।

অর্থ। এক মণ জিনিষের যত দর তাহার টাকা প্রতি আট গণ্ডা, আনা প্রতি দুই কড়া, গণ্ডা প্রতি আট তিল ও কড়া প্রতি দুই তিল ধরিলে ১ সেরের দাম পাওয়া যাইবে।

১ম প্রশ্ন। টাকা ৩।৶১২॥তে যদি ১/ মণ জিনিষ পাওয়া যায় তবে /৩ সেরের দাম কত ?

/১ সেরের দাম।

৩৲ টাকা প্রতি ৻৮ × ৩ /৪

।৶০ আনা ,, ৻॥ × ৭ ৻৩॥

৻১২ গণ্ডা ,, ৻৻৮ × ১২ ৻।১৬

৻॥ কড়া ,, ৻৻২ × ২ ৻৻৪

/১ সেরের দাম = /৭৶

∴ /৩ সেরের দাম = /৭৶ × ৩ = ।৩।৶ উত্তর।

(এক মণের দরে ছটাক প্রতি) *

মণ প্রতি তঙ্কা যার হইবেক দর।
তঙ্কা প্রতি দুই কড়া ছটাক প্রতি ধর॥
আনা প্রতি দশ তিল গণ্ডায় অৰ্দ্ধ তিল।
শুভঙ্কর দাস কহে এই মত মিল॥

অর্থ। এক মণ জিনিষেব দাম যত, তাহার টাকা প্রতি দুই কড়া, আনা প্রতি দশ তিল ও গণ্ডা প্রতি আধ তিল ধরিলে ১ ছটাকের দাম পাওয়া যাইবে।

২য় প্রশ্ন। টাকা ১০॥৶১০তে যদি ১/ মণ জিনিষ পাওয়া যায় তবে ॥/০ ছটাকের দাম কত ?

/০ ছটাকের দাম।

১০ টাকার জন্য ৻॥ × ১০ ৻৫

॥৶০ আনার ,, ৻৻১০ × ১১ ৻।/১০

৻১০ গণ্ডার ,, ৻৻॥ × ১০ ৻৻৫

/০ ছটাকের দাম ৻৬।/১৫

মণ দরে ছটাকের দাম।

১৲ টাকা মণ হইলে /১ সেরের দাম = ৻৮

,, ,, ,, /০ ছটাকের দাম = ৻৮ ÷ ১৬ = ৻॥

/০ আনা ,, ,, /০ ,, ,, = ৻॥ ÷ ১৬ = ৻৻১০

৻১ গণ্ডা ,, ,, /০ ,, ,, = ৻৻১০ ÷ ২০ = ৻॥

।/০ ছটাকের দাম = ৫।/১৫ × ৯ = ৶৮৵১৫

বিশেষ আবশ্যক না হইলে সচরাচর কাক তিল ইত্যাদি ছাড়িয়া দেওয়া হয়।

২৬ উদাহরণমালা।

১। টাকা ২।/০ মণ দরে /৩ সেরের দাম কত ?

২। টাকা ৩॥৵০ মণ দরে /৭ সেরের দাম কত ?

৩। টাকা ৬॥/০ মণ দরে /৫ সেরের দাম কত ?

৪। টাকা ৭॥৵১০ মণ দরে /৮ সেরের দাম কত ?

৫। টাকা ৫৸৵১৫ মণ দরে ।২ সেরের দাম কত ?

৬। টাকা ৭॥/৫ মণ দরে ।৪ সেরের দাম কত ?

৭। টাকা ১৩।৵১৭॥ মণ দরে ।৫ সেরের দাম কত ?

৮। টাকা ১৪॥৶১২॥ মণ দরে /১। সেরের দাম কত ?

৯। টাকা ১৫৸৶১৩৸ মণ দরে ॥৪ সেরের দাম কত ?

১০। টাকা ১৭॥৶১৭॥ মণ দরে ৸২ সেরের দাম কত ?

১১। টাকা ১২॥/০ মণ দরে মণ ১৸৩ সেরের দাম কত ?

১২। টাকা ১৩৸৵১৭॥ মণ দরে মণ ২॥৬ সেরের দাম কত ?

১৩। টাকা ১০৸৶০ মণ দরে ৵০ ছটাকের দাম কত ?

১৪। টাকা ৫॥৶০ মণ দরে ।৶০ ছটাকের দাম কত ?

১৫। টাকা ৭।৵১০ মণ দরে ॥৶০ ছটাকের দাম কত ?

১৬। টাকা ৮॥৵১৭॥ মণ দরে /২।৶০ ছটাকের দাম কত ?

১৭। টাকা ১০৸/১০ মণ দরে মণ ১।৫॥৶০এর দাম কত ?

১৮। টাকা ১৫॥৶৭॥ মণ দরে মণ ২॥৭॥৶০এর দাম কত ?

১৯। টাকা ১৫।৵০ মণ দরে সের ।২॥৶০এর দাম কত ?

২০। টাকা ১৭।৶০ মণ দরে সের ॥২।৵০এর দাম কত ?

২১। টাকা ১১॥৶০ মণ দরে সের /৩।৵০এর দাম কত ?

২২। টাকা ১২।/০ মণ দরে সের /৭॥০এর দাম কত?

২৩। টাকা ৬৪॥৶১০ মণ দরে সের /৮।৶০এর দাম কত ?

২৪। টাকা ২৩৫॥৵০ মণ দরে সের /৭।৵০এর দাম কত ?

২৫। টাকা ৬৫॥৶১০ মণ দরে সের ॥৩।৵০এর দাম কত ?

২৬। টাকা ৭০॥০ মণ দরে সের ।৫।/০এর দাম কত ?

২৭। টাকা ৭৫।/১৫ মণ দরে সের ।০।৶০এর দাম কত ?

সরল মণকষা।

দ্বিতীয় প্রকার।

(মণ দরে আনা ইত্যাদির প্রতি।)*

তঙ্কায় লইবে যত মণ আসবাব।
মণেতে আড়াই সের আনার হিসাব॥
যত সের থাকিবে ছটাক তত হয়।
ছটাকেতে পঞ্চ আনা জানিহ নিশ্চয়॥
গণ্ডার জিনিষ কত শুন শিশুগণ।
তত আধ পুয়া ধর থাকে যত মণ॥
সের প্রতি চারি আনা লইবে নিশ্চয়।
ছটাকেতে ছয় ধান শুভঙ্কর কয়॥

অর্থ। ১ টাকায় এত মণ জিনিষ ইত্যাদি বলা থাকিলে আনার জিনিষের জন্য প্রতি মণে আড়াই সের, প্রতি সেরে ছটাক ও প্রতি ছটাকে পাঁচ আনা ধরিতে হইবে; এবং গণ্ডার জিনিষের নিমিত্ত প্রতি মণে আধ পুয়া, প্রতি সেরে চারি আনা ও প্রতি ছটাকে ছয় ধান লইতে হইবে।

১ম প্রশ্ন। টাকায় মণ ২।৩।৶০ জিনিষ হইলে টাকা ২।৶০তে কত জিনিষ পাওয়া যাইবে?

১, টাকা মণ দরে /০ আনার জিনিষ = ১/ ÷ ১৬ = /২॥ সের
,, ,, সের দরে ,, ,, ,, = /১ ÷ ১৬ = /০ ছটাক
,, ,, ছটাক দরে ,, ,, ,, = /০ ÷ ১৬ = ৻।/০ আনা
∴ ১, টাকা মণ দরে ৻১ গণ্ডার জিনিষ = /২॥ ÷ ২০ = ৶০ ছটাক
,, ,, সের দরে ,, ,, ,, = /০ ÷ ২০ = ৻।০ আনা
,, ,, ছটাক দরে ,, ,, ,, = ৻।/ ÷ ২০ = ৻১॥ ধান = বৈদ্যের ৻৻১।ধান
১, টাকা মণ দরে ৻। কড়ার জিনিষ = ৶০ ÷ ৪ = ২॥ তোলা
,, সের দরে ,, ,, = ৻।০ আনা ÷ ৪ = ৻/০ আনা
,, ছটাক দরে ,, ,, = ৻৻১। ধান ÷ ৪ = ৻৻।/০

∴ আনার জিনিষের সের ইত্যাদিকে তোলা ইত্যাদি ধরিলেই অথবা গণ্ডার জিনিষকে ৪ দিয়া ভাগ করিলেই কড়ার জিনিষ পাইবে।

আনার জিনিষ।

২/ মণের জন্য /২৷৷০ × ২ = /৫ সের

।৩ সেরের ,, /০ × ১৩ = ৸/০ ছটাক।

।৶০ ছটাকের জন্য ।/০ × ৭ = ৻২৶

∴ আনার জিনিষ = /৫৸/২৶

২৲ টাকার জিনিষ = ২।৩।৶০ × ২ = ৪৷৷৬৸৵০

।৵০ আনার জিনিষ = /৫৸/২৶ × ৬ = ৸৫৻৩৵

৫৷৷১৸৵৻৩৵ উত্তর।

২য় প্রশ্ন। টাকায় মণ ১।২।/০ জিনিষ হইলে ।/১০৷৷তে কত জিনিষ পাওয়া যাইবে।

	আনার জিনিষ	গণ্ডার জিনিষ
১/ মণের জন্য	/২৷৷০ × ১ = /২৷৷০	৶০ × ১ = ৶০
।২ সেরের জন্য	/০ × ১২ = /৸০	৻০ × ১২ = ৻৩
।/০ ছটাকের জন্য	৻।/ × ৫ = ৻১৷৷/০	৻৻১৷৷ × ৫ = ৻/১৷৷
	/৩।১৷৷/০	৶৩/১৷৷

৫

।/০ আনার জিনিষ = ।৬।/২৸/০ কড়ার জিনিষ = ৶৩/১৷৷ ÷ ৪

৻১০ গণ্ডার জিনিষ = ৶৩/১৷৷ × ১০ = /১৷৷৵০৸৩ = ৻৩।১৸৶

৻। কড়ার জিনিষ = ৻৩।১৸৵ × ২ = /১৷৷৩৸

।৮/০৻৵৻৻৮ উত্তর।

উত্তর। আঠার সের এক ছটাক দুই আনা তিন ধান।

আবশ্যক না হইলে এত সূক্ষ্ম না করিয়া তোলা ইত্যাদি ছাড়িয়া দেওয়া যাইতে পারে।

২৭ উদাহরণমালা।

১। টাকায় ১/৫ জিনিষ হইলে ।/০তে কত জিনিষ পাওয়া যাইবে?

২। টাকায় ১।৫ জিনিষ হইলে ।৶০তে কত জিনিষ পাওয়া যাইবে?

৩। টাকায় ৷৷৫ জিনিষ হইলে ৷৷/০তে কত জিনিষ পাওয়া যাইবে?

৪। টাকায় ৸২ জিনিষ হইলে ৷৷৵০তে কত জিনিষ পাওয়া যাইবে?

৫। টাকায় ১/৮ জিনিষ হইলে ১।৵০তে কত জিনিষ পাওয়া যাইবে?

৬। টাকায় ১/৭ জিনিষ হইলে ১০।৶০তে কত জিনিষ পাওয়া যাইবে?

৭। টাকায় ১/৮৷৷০ জিনিষ হইলে ৫।৵০তে কত জিনিষ পাইবে?

৮। টাকায় ৷৷২।৵০ জিনিষ হইলে ৩।৶০তে কত জিনিষ পাইবে?

৯। টাকায় ১/১।৶০ জিনিষ হইলে ৪।/৫তে কত জিনিষ পাওয়া যাইবে ?
১০। টাকায় ।৩/০ জিনিষ হইলে ৩/৫তে কত জিনিষ পাওয়া যাইবে ?
১১। টাকায় ১৫॥৶০ জিনিষ হইলে ৫॥৶১০তে কত জিনিষ পাইবে ?
১২। টাকায় ২।২।৶০ জিনিষ হইলে ৩।৶১২॥তে কত জিনিষ পাওয়া যাইবে ?

সোণাকষা।

সোণার মোহর যত তঙ্কা লবে তত পাই।
একুন করিয়া অঙ্ক রাখ তিন ঠাঁই॥
এক ঘুচালে থাকে যত, সোণার রতি পড়ে তত॥

অর্থ। এক ভরি সোণা বা মোহরের দাম যত তঙ্কা দেওয়া থাকিবে, তত পাই অর্থাৎ পয়সা ধরিয়া লইতে হইবে, অর্থাৎ ৫ দিয়া তাহাকে গুণ করিয়া টাকার অঙ্ক যত হইবে তত গণ্ডা লইতে হইবে। যে অঙ্ক পাইবে তাহা তিন ভাগ করিয়া একটী ভাগ ছাড়িয়া দিবে অর্থাৎ দুইটী ভাগ লইবে; যাহা ফল হইবে তাহাই এক রতি সোণার দাম।

(১ ভরি = ১ তোলা = ১ টাকার ওজন; ইহার অঙ্ক ১৲ এইরূপ)

প্রশ্ন। ১ ভরি সোণার দাম যদি টাকা ১৮।৶১০ হয়, তবে ২।৶৩ দুই ভরি সাত আনা তিন রতি সোণার দাম কত ?

১৬ আনা সোণাতে ১৲ ভরি হয়, অতএব /০ আনা সোণার দাম কড়িকষার হিসাবে বাহির করিতে হইবে, অর্থাৎ টাকা প্রতি আনা, আনা প্রতি পাঁচ কড়া ও গণ্ডা প্রতি এক কাক ধরিতে হইবে।

১৮।৶১০এর ১৮ টাকা ইত্যাদিকে ১৮ পয়সা ধর অর্থাৎ ১৮।৶১০কে ৫ দিয়া গুণ করিলে যত টাকা ইত্যাদি হইবে তাহাকে তত গণ্ডা ইত্যাদি ধর।

---

১ ভরি সোণার দাম যদি ১ টাকা হয়, তবে

১ আনা সোণার দাম = ১৲ ÷ ১৬ = /০

∴ ৬ রতি সোণার দাম = /০

∴ ১ রতি সোণার দাম = /০ ÷ ৬ = ⸤১০ ÷ ৩

= ⸤৫ × ২ ÷ ৩

= $\frac{৫}{৩}$ × ২।

১৮৸৶১০ × ৫ = ৯২।৴১০ ; এই স্থলে ৯২কে গণ্ডা ধরিলে, ফল ।১২।৴১০ চারি আনা বার গণ্ডা পাঁচ কাক দশ তিল হইল। ।১২।৴১০কে ৩ দিয়া ভাগ করিয়া তাহার ১ ভাগ ছাড়িয়া দাও, অর্থাৎ দুই ভাগ লও। এইরূপ করিলে ১ রতির দাম পাইবে।

৩) ।১২।৴১০ (৴১০৲১০

৴১০৲১০ × ২ = ৶১॥৴০

∴ ৶১॥৴০ = এক রতির দাম

২৲ ভরির দাম = ১৮৸৶১০ × ২ = ৩৬৸৶০

।৶০ আনার দাম = ১৵৯।৵ × ৭ = ৮ ৴৫॥৵

৩ রতির দাম = ৶১॥৴ × ৩ = ॥৴৪॥৶

উত্তর ৪৫॥৴১০।৴

৴০ আনার দাম	
১৮টাকার জন্য	১৵০
।৶০আনার জন্য	৲৮৲
৲১০গণ্ডার জন্য	৶।৵
	১৵৯।৵

২৮ উদাহরণমালা।

১। এক ভরি সোণার দাম যদি ১৮ টাকা হয় তবে ॥৶০ আনা সোণার দাম কত ?

২। এক ভরি সোণার দাম যদি ১৯ টাকা হয় তবে ॥৴০ আনা সোণার দাম কত ?

৩। এক মোহরের দাম যদি ২০ টাকা হয় তবে ৲৫ রতি সোণার দাম কত ?

৪। এক মোহরের দাম যদি ২১ টাকা হয় তবে ৲৪ রতি সোণার দাম কত ?

৫। এক ভরি সোণার দাম যদি ১৯ টাকা হয় তবে ।৴৩ রতি সোণার দাম কত ?

৬। এক ভরি সোণার দাম যদি ২১ টাকা হয় তবে ৷৴৫ সোণার দাম কত ?

৭। এক ভরি সোণার দাম যদি ১৯॥০ টাকা হয় তবে ।৵৪ সোণার দাম কত ?

৮। এক ভরি সোণার দাম যদি ১৬॥০ টাকা হয় তবে ৶৩ সোণার দাম কত ?

৯। এক ভরি সোণার দাম যদি ১৭।০ টাকা হয় তবে ॥৶২ রতি সোণার দাম কত ?

১০। এক ভরি সোণার দাম যদি ১৮॥৴০ হয় তবে ১।৴৪ সোণার দাম কত ?

১১। এক ভরি সোণার দাম যদি ১৯।৴০ হয় তবে ৭॥৶৫ সোণার দাম কত ?

১২। এক ভরি সোণার দাম যদি ১৮৸৶০ হয় তবে ৫॥৵৪ সোণার দাম কত ?

মাস মাহিনা।

টাকা প্রতি { মাস মাহিনা যার যত, দিন তার পড়ে কত।
বিয়াল্লিশ কড়া দু ক্রান্তি, বলে গেল ধূলদন্তী॥

আনা প্রতি { মাস মাহিনা যার যত, দিন তার পড়ে কত।
দুই কড়া দুই ক্রান্তি, বলে গেল ধূলদন্তী॥

অর্থ। মাসে যার যত টাকা বেতন বলা থাকিবে, প্রতি টাকায় তত গুণ ৴১০৷৷= লইতে হইবে ও মাসে যত আনা বলা থাকিবে তত গুণ ৴৷= লইতে হইবে; ইহাতে ১ দিনের বেতন পাওয়া যাইবে। যত দিনের মাহিনা বাহির করিতে বলা থাকিবে সেই অঙ্ক দিয়া ১ দিনের বেতনকে পূরণ করিলে তত দিনের বেতন পাওয়া যাইবে। ধূল বা হিসাব যাহার দন্তাগ্রে তাহাকে ধূলদন্তী কহে। ৩০ দিনে মাস ধরিয়া এই আর্য্যা প্রস্তুত করা হইয়াছে। ৩১, ২৯ বা ২৮ দিনে মাস হইলে ঐকিক নিয়ম দ্বারা অঙ্ক কষিতে হইবে।

প্রশ্ন। এক মাসের মাহিনা ৮৷৷৶০ হইলে ৩ দিনের মাহিনা কত?

১৲ হিসাবে ১ দিনের মাহিনা ৴১০৷৷=
৮
৷০
৴৪
৴১৷—
৷৫৷—

∴ ৮৲ হিসাবে ১ দিনের মাহিনা ৷৫৷—

৷৷৶০ হিসাবে ১ দিনের মাহিনা
৴৷=
১১
৴৫৷৷
৴১৬—
৴৭৷—

∴ ৮৷৷৶০ হিসাবে ১ দিনের মাহিনা = ৴৭৷— ৷১২৷৷=
৩

∴ ,, ,, ৩ দিনের মাহিনা = ৶১৮ উত্তর।

* ৩০ দিন = ১ মাস

১ টাকা মাহিনা হইলে ১ দিনের মাহিনা = ১৲ + ৩০ = ৴১০৷৷=

৴০ আনা মাহিনা হইলে ১ দিনের মাহিনা = ৴০ + ৩০ = ৷৷=

২৯ উদাহরণমালা।

১। মাসে ৭ টাকা মাহিনা হইলে ১ দিনের মাহিনা কত?
২। ৬ টাকা মাহিনা হইলে ৪ দিনের মাহিনা কত?
৩। ২৫ টাকা মাহিনা হইলে ১২ দিনের মাহিনা কত?
৪। ৫০ টাকা মাহিনা হইলে ১ মাস ১২ দিনের বেতন কত?
৫। ১৫০ টাকা মাহিনা হইলে ২ মাস ৮ দিনের বেতন কত?
৬। ১০০ টাকা মাহিনা হইলে ১ মাস ৬ দিনের বেতন কত?
৭। ৩০০ টাকা মাহিনা হইলে ১৭ দিনের বেতন কত?
৮। ২৫০ টাকা মাহিনায় ১ মাস ৬ দিনের বেতন কত?
৯। ২০০ টাকা মাহিনায় ৩ মাস ১৩ দিনের বেতন কত?
১০। ৬॥০ টাকা মাহিনা হইলে ১২ দিনের বেতন কত?
১১। ৭॥৶০ মাহিনায় ১ মাস ১৩ দিনের বেতন কত?
১২। ১৬।/০ মাহিনায় ১৯ দিনের বেতন কত?
১৩। ১২॥/০ মাহিনা হইলে ১১ দিনের বেতন কত?
১৪। ১৮।৶০ মাহিনায় ১৮ দিনের বেতন কত?
১৫। মাসে ১২৸৶০ আয় হইলে ১ মাস ৭ দিনের আয় কত?
১৬। মাসে ১৭।৶০ খরচ হইলে ২ মাস ৪ দিনের খরচ কত?

বৎসর মাহিনা।

দিন প্রতি { বৎসর মাহিনা যার যত। টাকা প্রতি পড়ে কত॥
তিন কড়া পাঁচ দন্তী। আনা প্রতি দুই দন্তী॥ }

---

* ১ বৎসর = ৩৬০ দিন।

বৎসরে ১ টাকা বেতন হইলে ১ দিনের বেতন = ১৲ ÷ ৩৬০
= ৻৵৫ দন্তী

" /০ আনা " " " = ৻৵৫ দন্তী ÷ ১৬ = ২ দন্তী।

বৎসরে ১ টাকা বেতন হইলে এক মাস বা
৩০ দিনের বেতন = ৻৵৫ দন্তী × ৩০
= /৻॥৬ দন্তী
= /৬॥=

" /০ আনা " " ১ মাসের বেতন = /৬॥= ÷ ১৬
= ৻১॥=

মাস প্রতি	বৎসর মাহিনা তঙ্কা যত।	মাসে তার পড়ে কত ॥
	দুই ক্রান্তি ছয় কড়ি।	যোড় তাতে পাঁচ বুড়ি ॥
	আনা প্রতি কত ধরি।	দুই ক্রান্তি ছয় কড়ি ॥

৩৬০ দিনে বৎসর ধরিয়া এই আর্য্যা প্রস্তুত হইয়াছে। ৩৬৫ দিনে বৎসর ধরিলে ঐকিক নিয়ম দ্বারা অঙ্ক কষিতে হইবে।

১ম প্রশ্ন। বৎসরে ১০০ টাকা বেতন হইলে ৯ দিনের বেতন কত?

১৲ হিসাবে ৯ দিনের বেতন = ৻৸৫ দন্তী × ৯ = ৻৮

∴ ১০০৲ হিসাবে ৯ দিনের বেতন = ৻৮ × ১০০ = ২॥০ উত্তর।

২য় প্রশ্ন। বৎসরে ৪০০॥৵০ বেতন হইলে ২ মাস ১০ দিনের বেতন কত?

১৲ হিসাবে ২ মাসের বেতন = ⁄৬॥= × ২ বা ৵১৩—

১৲ হিসাবে ১০ দিনের বেতন = ৻৸৫ × ১০ বা ৻৮৸৫ দন্তী

১৲ হিসাবে ২ মাস ১০ দিনের বেতন = ৶২৻৻৮ দন্তী

৪০০৲ হিসাবে ২ মাস ১০ দিনের বেতন = ৶২৻৻৮ দন্তী × ৪০০

৶০ × ৪০০ = ১২০০ আনা = { ৬২॥০ / ১২॥০ }

৻২ × ৪০০ = ৮০০ গণ্ডা = ৪০ আনা = ২॥০

৻৻৮ × ৪০০ = ৩২০০ দন্তী = { ৶১৫

= ২৭৫০ দন্তী + ৫০০ দন্তী ৻১২॥

= ৩০০ কড়া + ৫০ কড়া + ৫০ দন্তী = ৻১।৫ দন্তী }

৪০০ টাকার হিসাবে = ৭৭৸ ৮৸৫

॥৵০ আনার হিসাবে ২ মাসের বেতন

= ৻১॥= × ২ × ৯ ⁄১০

॥৵০ হিসাবে ১০ দিনের বেতন

= ৻২ দন্তী × ৯ × ১০... ৻৫

৭৭৸৶৩৸৫ দন্তী।

৩০ উদাহরণমালা।

১। বৎসরে ৯০ টাকা বেতন হইলে ৬ দিনের বেতন কত ?
২। বৎসরে ১২০ টাকা বেতন হইলে ৭ দিনের বেতন কত ?
৩। বৎসরে ১৪০ টাকা মাহিনা হইলে ১৩ দিনের মাহিনা কত ?
৪। বৎসরে ২০০ টাকা মাহিনা হইলে ৫ দিনের মাহিনা কত ?
৫। বৎসরে ৩০০ টাকা মাহিনা হইলে ৬ দিনের মাহিনা কত ?
৬। বৎসরে ৫০০০ টাকা বেতন হইলে ১২ দিনের বেতন কত ?
৭। বৎসরে ৪০০৸৹ বেতন হইলে ৩ দিনের বেতন কত ?
৮। যাহার বৎসরে ৯০০০ টাকা আয় তাহার ৬ দিনের আয় কত ?
৯। বৎসরে ১২৫ টাকা বেতন হইলে ৪ মাসের বেতন কত ?
১০। বৎসরে ৩০৮০ টাকা খরচ হইলে ৭ মাসের খরচ কত ?
১১। বৎসরে ৪০০ টাকা আয় হইলে ৫ মাসের আয় কত ?
১২। বৎসরে ৫০০০০ টাকা আয় হইলে ১ মাস ৬ দিনের আয় কত ?
১৩। বৎসরে ৬০০ টাকা আয় হইলে ২ মাস ৩ দিনের আয় কত ?
১৪। বৎসরে ৭৫০৲ টাকা বেতন হইলে ৩ মাস ১৫ দিনের বেতন কত ?
১৫। বৎসরে ৮০৪৷৴০ বেতন হইলে ২ মাস ৪ দিনের বেতন কত ?
১৬। বৎসরে ১০৫০৸৶০ বেতন হইলে ১ মাস ৬ দিনের বেতন কত ?

বাটাকষা।

টাকা বা নোট ভাঙ্গাইতে গেলে দোকানদার আসল পূরা দেয় না, কিছু কাটিয়া লয় ; যাহা কাটিয়া লয় তাহার নাম বাটা।

শতকরা তঙ্কার বাটা বুঝহ সুশীল।
তঙ্কা প্রতি তিন গণ্ডা তিন কাক চারি তিল ॥
আনা প্রতি তিন কাক চারি তিল জান।
একুন করিয়া বুঝ বাটার প্রমাণ ॥
আসলে হরিলে অঙ্ক যত থাকি রয়।
বাটা বাদে তত সিকা শুভঙ্কর কয় ॥

---

* ১০০ টাকার বাটা যদি ১ টাকা হয়, তবে
১ টাকার বাটা = ১৲ ÷ ১০০ = ৻৩৶৪
১০০ টাকার বাটা যদি ৴০ হয়, তবে
৴০ আনার বাটা = ৴০ ÷ ১০০ = ৻৶৪

অর্থ। শতকরা হিসাবে বাটার কথা বুঝ। শতকরা যত টাকা বলা থাকিবে তাহার প্রতি টাকায় ৫৩/৪ লইতে হইবে ও যত আনা বলা থাকিবে তাহার প্রতি আনায় ৫/৪ লইতে হইবে। একুন অর্থাৎ যোগ করিয়া যাহা পাইবে তাহাই বাটা এবং আসল হইতে বাটা বাদ দিলে যাহা থাকিবে তাহাকে সিক্কা বলে। হরিলে শব্দের অর্থ বাদ দিলে।

(এই নিয়ম দ্বারা শতকরা দালালি, কমিশন, ইত্যাদি অন্যান্য অঙ্ক কষিতে পারা যায়।)

প্রশ্ন। শতকরা ২॥৵০ হিসাবে ৩৪৫ টাকার বাটা কত?

টাকার বাটা

২ টাকার হিসাবে ...৫৩/৪ × ২ = ৫৬।৵৮

॥৵০ আনার হিসাবে...৫/৪ × ১০ = ৫২

৫৮।৵৮ উত্তর।

৩	৪	৫
৫৮।৵৮	৫৮।৵৮	৫৮।৵৮
/৫৩/৪	/১৩॥/১২	৵ ২
১০	৸ ১২	৮৸৵১৬
৸১২	৸৵ ৫॥/১২	৯১ ৫১৮ উত্তর।
	১৫	
	৮৸৵১৬	

এই স্থলে ৫৩/৪কে ২ দিয়া গুণ করিলে ২ টাকা হিসাবে ১ টাকার বাটা ও ৫/৪কে ১০ দিয়া গুণ করিলে ॥৵০ আনার হিসাবে ১ টাকার বাটা পাওয়া গেল। অতএব ৫৮।৵৮ ইহা ২॥৵০ হিসাবে ১ টাকার বাটা। ৫৮।৵৮কে ৩৪৫ দিয়া গুণ করিলে ৩৪৫ টাকার বাটা পাওয়া গেল।

৩১ উদাহরণমালা।

১। শতকরা ২ টাকা হিসাবে ২৫০ টাকার বাটা কত?
২। „ ২।৵০ „ „ ৩২৫ „ „ „
৩। „ ২।৵০ „ „ ২১৫ „ „ „
৪। „ ৩।৵০ „ „ ৪৫০১ „ „ „
৫। „ ৫॥৵০ „ „ ৬৪০১ „ „ „
৬। „ ৫।০ „ „ ৬৫০১ „ „ „
৭। „ ৪।৵০ „ „ ৫৪০১ „ „ „

৮।	শতকরা	৬॥৵০	টাকা হিসাবে	৬২৫ টাকার বাটা কত ?	
৯।	,,	২৲	,, ,,	৩২০টা বেলের দাম কত ?	
১০।	,,	১॥০	,, ,,	৪২৫টা ,, ,, ,,	
১১।	,,	৫।৵০	,, ,,	৬৭৫টা আম্রের ,, ,,	
১২।	,,	৬।০	,, ,,	৩২০ টাকার কমিশন কত ?	
১৩।	,,	১০৲	,, ,,	৫৭৫৲ ,, ,, ,,	
১৪।	,,	১২॥০	,, ,,	৮৮১৲ ,, ,, ,,	
১৫।	,,	১৫৲	,, ,,	৬৩৫৲ ,, ,, ,,	
১৬।	,,	২০৲	,, ,,	৬২৫৲ ,, ,, ,,	

সুদকষা।

সুদের হিসাব দুই প্রকারে করা হইয়া থাকে। টাকা অল্প হইলে প্রতি টাকায় এত পয়সা হিসাবে ও অধিক হইলে শতকরা টাকা হিসাবে সুদের হিসাব করা হইয়া থাকে। শতকরা হার বৎসর হিসাবে এবং কখন কখন মাস হিসাবেও ধরা হইয়া থাকে ; টাকা প্রতি হার মাস হিসাবেই ধরা হয়।

(টাকার হারে সুদের হিসাব)

টাকা প্রতি হার যত যতনে রাখিবে।
যত মাস হবে তত গুণ করে লবে॥
আসলে পূরিয়া তাহা যত ফল হয়।
টাকা হারে সুদ তত শুভঙ্কর কয়॥

অর্থ। প্রথমে সুদের হারকে মাস দিয়া পূরণ করিবে, যাহা গুণফল পাইবে তাহা আসলের টাকা দিয়া পূরণ করিলেই টাকার সুদ বাহির হইবে।

প্রশ্ন। টাকায় মাসে ৻১০ সুদ হইলে ৭০ টাকার ৫ মাসের সুদ কত ?

৻১০ পয়সা হিসাবে ১ টাকার ৫ মাসের সুদ ৻১০ × ৫ = ৵১০

∴ ,, ,, ৭০৲ ,, ,, ,, ৵১০ × ৭০

...৬।০ } ১৪০ আনা
২॥০ }
২ ৶০ ৩৫ আনা

১০৸৶০

এইস্থলে সুদের হার ৻১০কে ৫ দিয়া গুণ করিলে ৵১০ হইল, ইহা ১৲ টাকার ৫ মাসের সুদ ; পরে ৵১০কে ৭০ দিয়া গুণ করিলে ৭০ টাকার ৫ মাসের সুদ পাওয়া গেল।

(শতকরা হারে সুদের হিসাব)

১ম প্রশ্ন। যদি ১০০ টাকার সুদ বৎসরে ৪৷৹ হয় তবে ৩৭৫ টাকার ৩ বৎসরের সুদ কত ?

প্রথমে বাটাকষার নিয়ম অনুসারে শতকরা হার হইতে ১ টাকার হার বাহির কর, পরে পূর্ব্বের নিয়ম খাটাও। এই অঙ্কে বার্ষিক হার দেওয়া আছে বলিয়া মাসের পরিবর্ত্তে বৎসর দিয়া পূরণ করিতে হইবে।

১০০ টাকার তিন বৎসরের সুদ = ৪৷৹ × ৩ = ১৩৷৹

১৩ টাকা হিসাবে ১ টাকার সুদ = ৻৩৶৪ × ১৩ = ৵১৷৴১২

৷৹ আনা ... ... = ৻৶৪ × ৮ = ৻১৷৴১২

১ টাকার সুদ = ৵৩ ৶ ৪

৴৩৶৪কে ৩৭৫ দিয়া গুণ করিলে ৩৭৫টাকার সুদ বাহির হইবে।

৩	৭	৫
৵৩ ৶ ৪	৵৩ ৶৪	৵৩ ৶৪
।৵৯৷৴১২	৸৶২।৵৮	৷৵১৬
১০	৪৲ ৻১৬	৪৯৸৶ ৪
৪৲ ৻১৬	৪৸৶১৮।৵৮	৫০৷৵০ উত্তর।
	১০	
	৪৯৸৶৪	

২য় প্রশ্ন। মাসে শতকরা ১৷৹ হিসাবে ২ বৎসর ৮ মাসে ৯০০ টাকার সুদ কত হইবে ?

২ বৎসর ৮ মাস = ৩২ মাস

৩২ মাসে ১০০ টাকার সুদ = ১৷৹ × ৩২ = ৪০ টাকা

∴ „ „ ১ টাকার সুদ = ৻৩৶৪ × ৪০ = ।৵৮

∴ „ „ ৯০০ টাকার সুদ = ।৵৮ × ৯০০ = ৩৬০টাকা উত্তর।

৩২ উদাহরণমালা।

নীচের অঙ্কগুলিতে টাকা প্রতি মাসিক হারে সুদ নির্ণয় কর।

১। ৻১০ হিসাবে ৭২ টাকার ৯ মাসের সুদ।

২। ৻১০ „ ৮২৲ „ ১০ „ „

৩। ৻৫ „ ১২০৲ „ ১ বৎসরের সুদ।

৪। ৵১৫ হিসাবে ১৫০ টাকার ১ বৎসর ৩ মাসের সুদ।
৫। /০ " ২৪০৲ " ২ বৎসর ৬ মাসের সুদ।
৬। ৵৭॥ " ৩০০৲ " ১ বৎসর ৪ মাসের সুদ।
৭। ৵১০ " ৯৫৲ " ১ বৎসর ১০ মাসের সুদ।
৮। ৵১২॥ " ৪০০৲ " ১ বৎসর ৫ মাসের সুদ।

নীচের অঙ্কগুলিতে শতকরা মাসিক হারে সুদ নির্ণয় কর।

৯। ১ টাকা হিসাবে ১২০ টাকার ৪ মাসের সুদ।
১০। ১॥০ টাকা হিসাবে ১৫০ টাকার ১০ মাসের সুদ।
১১। ২ টাকা হিসাবে ৩২০ টাকার ৭ মাসের সুদ।
১২। ১॥/০ হিসাবে ৪১৬ টাকার ১০ মাসের সুদ।
১৩। ২॥০ হিসাবে ৫০০ টাকার ১ বৎসর ৫ মাসের সুদ।
১৪। ৩৵০ হিসাবে ১২৪ টাকার ২ বৎসর ৩ মাসের সুদ।

নীচের অঙ্কগুলিতে শতকরা বার্ষিক হারে সুদ বাহির কর।

১৫। শতকরা ৫ টাকা হারে ৫০০ টাকার ১ বৎসরের সুদ।
১৬। " ৪৲ " " ৭৫০৲ " ২ " "
১৭। " ৪॥০ " " ৮৪০৲ " ৫ " "
১৮। " ৫৲ " " ৭২০৲ " ৩ বৎসর ৪ মাসের সুদ।
১৯। " ৪॥০ " " ২৬৫৲ " ৩ বৎসর ৩ মাসের "
২০। " ৫॥০ " " ৭০৪৲ " ৪ বৎসর ৬ মাসের "

কাগজ কষা।

কাগজের রিম যত হইবেক দর।
তঙ্কা প্রতি ষোল গণ্ডা দিস্তা প্রতি ধর॥
আনা প্রতি এক গণ্ডা গণ্ডায় ষোল তিল।
শুভঙ্কর দাস কহে এই মত মিল॥ *

২৪তা কাগজে ১ দিস্তা ও ২০ দিস্তায় ১ রিম।

১ম প্রশ্ন। যদি ১ রিম কাগজের দাম ৫॥৵৫ হয় তবে ৩ রিম ৫ দিস্তার দাম কত?

---

* ১ টাকা রিম দরে ১ দিস্তার দাম = ১৲÷২০=৵১৬
/০ আনা রিম দরে ১ দিস্তার দাম = ৵১৬÷১৬=৵১
৵১ গণ্ডা রিম দরে ১ " " = ৵১÷২০=৫৵১৬

		এক দিস্তার দাম
৫ টাকার জন্য	৫১৬×৫	।•
৷৶• আনার জন্য	৫১×১১	৫১১
৫৫ গণ্ডার জন্য	৫৫১৬×৫	৫
		।১১।

৩ রিমের দাম=৫৷৶৫×৩= ১৭৴১৫
৫ দিস্তার দাম= ।১১।×৫= ১।৶১৬।
১৮৷ ১১। উত্তর।

কাগজের দিস্তা যত হইবেক দর।
তের গণ্ডা চারি ক্রান্তি টাকা প্রতি ধর॥
আনা প্রতি দশ ক্রান্তি গণ্ডায় দন্তী দেড়।
তা প্রতি পড়িবে ইহা না হইবে ফের।*

২য় প্রশ্ন। যদি ১ দিস্তা কাগজের দাম ২৷৶১০ হয় তবে ৩ দিস্তা ৯ তার দাম কত?

		১ তার দাম
২ টাকার জন্য	৫১৩।—×২	৴৬৷=
।৶০ আনার জন্য	৫৮—×৭	৫৫৮—,
৫১০ গণ্ডার জন্য আধ ক্রান্তি×১০		৫=
		৴১২৮=

৩ দিস্তার দাম=২।৶১০ ×৩=৭।৵১০
৯ তার দাম =৴১২৮=× ৯= ৮৵১৬।
৮।৴ ৬। উত্তর।

৩৩ উদাহরণমালা।

১। টাকা ৪।৵০ এক রিম কাগজের দাম হইলে ৭ দিস্তার দাম কত?
২। ৬।০ এক রিমের দাম হইলে ৩ রিম ৬ দিস্তার দাম কত?
৩। যদি এক রিম কাগজের দাম ৫৶১০ হয় তবে ৩ দিস্তার দাম কত?
৪। যদি ১ রিম কাগজের দাম ৪।৶১০ হয় তবে ১৩ দিস্তার দাম কত?

---

* ১ টাকা দিস্তা দরে ১ তার দাম=১১+২৪=৫১৩।—
৴০ আনা ,, ,, ,, =৫১৩।—+১৬=৫৮—
৫৫ গণ্ডা ,, ,, ,, =৫৮—+৪=৫৫৭৷ দন্তী
৫১ গণ্ডা ,, ,, ,, =৫৫৭৷+৫=৫৫৷ দন্তী বা অর্দ্ধক্রান্তি।

৫। যদি ১ দিস্তা কাগজের দাম ।/৫ হয় তবে ১০তার দাম কত ?

৬। যদি ১ দিস্তা কাগজের দাম ২।৶১০ হয় তবে ১৫ তার দাম কত ?

৭। যদি ১ দিস্তা কাগজের দাম ১॥/১০ হয় তবে ১৭তার দাম কত ?

৮। যদি ১ দিস্তা কাগজের দাম ১।৶৫ হয় তবে ২১ তার দাম কত ?

৯। যদি ১ রিম কাগজের দাম ৬।৶১০ হয় তবে ১ রিম ৩ দিস্তা ৫ তার দাম কত ?

১০। যদি ১ রিম কাগজের দাম ৭॥৶১৫ গণ্ডা হয় তবে ৩ রিম ৫ দিস্তা ৭তা কাগজের দাম কত ?

ত্রৈরাশিক।

পূর্ব্বে দেখান হইয়াছে যে দুইটী জিনিষের পরিমাণ ও সমান দরে তাহাদের মূল্য এই চারিটী রাশির মধ্যে তিনটী দেওয়া থাকিলে চতুর্থটী ঐকিক নিয়ম দ্বারা বাহির করা যাইতে পারে। পাটীগণিতে অন্য এক প্রকার নিয়মে এইরূপ অঙ্ক কষা হইয়া থাকে; সেই নিয়মটীকে ত্রৈরাশিক বলে।

প্রত্যেক ত্রৈরাশিকে দুইটী রাশি একজাতীয় থাকে; আর বাকি রাশিটী নির্ণেয় রাশি অর্থাৎ যে রাশিটী বাহির করিতে হইবে তাহার সহিত একজাতীয়।

দুইটী রাশি একজাতীয় বলিলে বুঝিতে হইবে যে দুইটীই টাকা, আনা ইত্যাদি, বা দুইটীই মণ, সের ইত্যাদি, বা দুইটীই বিঘা, কাঠা ইত্যাদি, বা দুইটীই কাপড়, ইত্যাদি।

১ম প্রশ্ন। যদি ।২ সের চিনির মূল্য ৩।৶০ হয় তবে ১/৫ চিনির মূল্য কত ?

এই প্রশ্নে ।২ সের ও ১/৫ একজাতীয় ও বাকি রাশি ৩।৶০ নির্ণেয় রাশির সহিত একজাতীয়। এইস্থলে ।২ সেরের সহিত ১/৫এর যে সম্বন্ধ, ।২ সেরের মূল্য ৩।৶০র সহিত ১/৫এর মূল্যেরও সেই সম্বন্ধ। ত্রৈরাশিকের পাতন এইরূপ :—

।২ : ১/৫ :: ৩।৶০ : নির্ণেয় মূল্য।

রাশি পাতনের নিয়ম। যে তিনটী রাশি দেওয়া আছে তাহার মধ্যে তুইটী একজাতীয় এবং অবশিষ্টটী ভিন্ন জাতীয়, অতএব অবশিষ্টটীকে তৃতীয় রাশি কর ও নির্ণেয় রাশিটীকে চতুর্থ রাশি কর ; এই নির্ণেয় রাশিটী তৃতীয় রাশি অপেক্ষা বড় হইবে বোধ হইলে অবশিষ্ট রাশি তুইটীর মধ্যে যেটী বড় সেইটীকে এবং ছোট হইবে বোধ হইলে ছোটটীকে দ্বিতীয় রাশি করিয়া রাখ। অবশিষ্টটীকে প্রথম রাশি কর।

কষিবার নিয়ম। প্রথম ও দ্বিতীয় রাশি ভিন্ন ভিন্ন পদের হইলে তাহাদিগকে এক পদে লইয়া যাও, পরে তৃতীয় রাশিকে দ্বিতীয় রাশি দিয়া গুণ কর এবং যে গুণফল হইবে তাহাকে প্রথমটী দিয়া ভাগ কর, যে ফল হইবে তাহাই উত্তর।

উপস্থিত প্রশ্নে ৩।৶০ তৃতীয় রাশি হইবে, কারণ নির্ণেয় রাশিটীও টাকা হইবে ; ।২ সেরের দাম ৩।৶০ অপেক্ষা ১/৫এর দাম অধিক হইবে বোধ হইতেছে ; কিন্তু ।২ ও ১/৫ এই তুইটীর মধ্যে ১/৫ বড়, অতএব ১/৫কে দ্বিতীয় রাশি করিতে হইবে। সুতরাং অবশিষ্ট রাশি ।২কে প্রথম রাশি করিতে হইবে।

এখানে প্রথম ও দ্বিতীয় রাশি এক পদের নয়, অতএব প্রথমে তাহাদিগকে এক পদে লইয়া যাও। এক পদে অর্থাৎ সেরে লইয়া গেলে ১২ সের ও ৪৫ সের হইল। এখন তৃতীয় রাশি ৩।৶০কে ৪৫ দিয়া গুণ কর ; ও যে ফল হইবে তাহাকে ১২ দিয়া ভাগ কর।

১২ : ৪৫ :: ৩।৶০ : উত্তর।

```
              ×৪৫
             ১৩৫্
              ১১।০
               ৫॥৶০
১২ ) ১৫১৸৶০ গুণফল
      ১২॥৶১০ উত্তর।
```

৩।৶০কে ৪৫ দিয়া গুণ করিলে ১৫১৸৶০ হইল, ১৫১৸৶০কে ১২ দিয়া ভাগ করিলে ফল ১২॥৶১০ উত্তর স্থির হইল।

গুণ ও ভাগের কার্য্য নীচের প্রণালীতেও করা যাইতে পারে।

$$\text{উত্তর}=\frac{৩।৵০ \times ৪৫}{১২}=\frac{৩।৵০ \times ১৫}{৪}$$

$$=৸/১০ \times ১৫ = ১১।০$$

৸৶০
।৶১০
১২৷৷৵/১০

২য় প্রশ্ন। যদি ১২ জন লোক ২০দিনে একটী কর্ম্ম করিতে পারে, তবে ৩০ জন লোক কত দিনে সেই কার্য্যটী করিতে পারিবে?

এস্থলে ২০ দিন তৃতীয় রাশি; কারণ নির্ণেয় রাশি দিন। চতুর্থ রাশি তৃতীয় রাশি অপেক্ষা কম হইবে; কারণ ৩০ জন লোক ১২ জন অপেক্ষা অল্প সময়ে কর্ম্মটী শেষ করিবে। সুতরাং ছোট রাশি ১২কে ২য় রাশি কর; এবং অবশিষ্ট রাশি ৩০কে প্রথম রাশি কর।

∴ ৩০ জন : ১২ জন :: ২০ দিন : উত্তর

$$\therefore \ \text{উত্তর}=\frac{২০ \times ১২}{৩০}=৮ \text{ দিন।}$$

৩৪ উদাহরণমালা।

১। ১৬ গজ কাপড়ের মূল্য ২৫ টাকা হইলে ৩৭ গজের মূল্য কত?

২। যদি ৬৪/ মণ চিনির মূল্য ৭৬৮ টাকা হয় তবে ৩৭৫ টাকায় কত চিনি পাওয়া যাইবে?

৩। ৮ থান কাপড়ের মূল্য যদি ৪৮ টাকা হয় তবে ৪২ থান কাপড়ের মূল্য কত?

৪। মণ ৩।২ চাউলের মূল্য ৯।৵১৫ হইলে মণ ৭৷৷২ চাউলের মূল্য কত?

৫। আদায়ের প্রত্যেক টাকার উপর ৴১০ রোডসেস্ দিতে হইলে, এক জন জমিদারকে ৬৪০ টাকা দিতে হয়; তাঁহার জমিদারির আদায় কত?

৬। যদি /৭ সের লোহার দাম ১৸০ হয় তবে টাকা ২১২৴০তে কত লোহা পাওয়া যাইবে?

৭। ২১৯৷৷৵০তে যদি মণ ৬।১ পিতল পাওয়া যায় তবে ৪৯৸৵০তে কত পিতল পাওয়া যাইবে?

৮। ১২ জন লোক যে কর্ম্ম ১৫ দিনে করিতে পারে, সেই কর্ম্ম করিতে ২০ জন লোকের কত দিন লাগিবে?

৯। দেড় ক্রোশ পথ বাঁধাইতে যদি ২৭৷০ টাকা খরচ হয় তবে ১৪৪ হাত পথ বাঁধাইতে কত খরচ পড়িবে?

১০। যদি এক জন চাকরের ১৪০ দিনের বেতন ৩৫ টাকা হয় তবে সে কত দিনে ১২৬ টাকা বেতন পাইবে?

১১। যদি একজন ঘোড়সওয়ার ১৩ ঘণ্টায় ৭৮ মাইল পথ যাইতে পারে তবে সে ৬০ মাইল পথ কতক্ষণে যাইতে পারিবে?

১২। কোন জমিদারির মোট আদায় ২৪০০০ টাকা; টাকা প্রতি কত করিয়া লইলে ৭৫০ টাকা চাঁদা উঠাইতে পারা যায়?

১৩। কোন জমিদারের মোট বাৎসরিক আদায় ১২০০ টাকা: প্রত্যেক টাকায় ।৶০ করিয়া রাজস্ব ও ⁄১০ করিয়া সরঞ্জমি খরচ দিলে তাঁহার কত টাকা মুনফা থাকে?

১৪। যদি কোন ব্যক্তি তাঁহার বাৎসরিক আয় ৪৫০০ টাকা হইতে প্রত্যেক বৎসর ৫২৫ টাকা সঞ্চয় করিতে চাহেন, তবে ৭৩ দিনে তাঁহার কত খরচ করা উচিত?

১৫। এক জন দোকানদার ২০০ টাকায় কোন দ্রব্য বিক্রয় করিলেন ও বিক্রয়ের প্রতি টাকায় ⁄১০ করিয়া লাভ করিলেন; ঐ দ্রব্যের খরিদ দর কত ছিল?

১৬। যদি এক ব্যক্তি ১২ দিন পরিশ্রম করিয়া টাকা ১২৷৷০ উপার্জ্জন করিতে পারেন, তবে সেই ব্যক্তি কত দিনে টাকা ৫৯।৶০ উপার্জ্জন করিতে পারিবেন?

১৭। যে কলের গাড়ী ১২ মিনিট ৬ সেকণ্ডে ১১ মাইল পথ যাইতে পারে, সেই গাড়ী কত সময়ে ১০০ মাইল পথ যাইতে পারিবে?

১৮। যদি ২৷৭০⁄ মণ চাউলের দাম ৬৬১৷৷০ হয় তবে ৪৯০ টাকায় কত চাউল পাওয়া যাইবে?

১৯। যদি ১৫৮১ জমির খাজানা ৩৯৷৷০ হয় তবে ২৫৷৷৩ জমির খাজানা কত?

২০। যখন ⁄৫ করিয়া খাঁটি দুধের সের বিক্রয় হইতেছে, তখন ১৷৷৪ দুধে কত জল মিশাইয়া ⁄০ করিয়া সের বিক্রয় করিলে গোয়ালার কিছু ক্ষতি হইবে না?

———০———

মোকরা বা ঐকিক নিয়ম।

যে সকল অঙ্কে হরণের কার্য্য বা হরণ পূরণ উভয়েরই কার্য্য আছে সেই সকল অঙ্ককে মোকরা বলে। কড়িকষা, মণকষা, জমাবন্দি ইত্যাদি প্রত্যেক প্রকার অঙ্কের ছয় প্রকার মোকরা আছে।

মোকরা কড়িকষা।

ছয় প্রকার মোকরা কড়িকষার প্রত্যেকের এক একটী প্রশ্ন দিব।

১ম প্রশ্ন। ১ টাকায় যদি ৩।৶০ কড়ি পাওয়া যায় তবে কাহন ৮৶১২॥ কড়ির দাম কত?

ঐকিক নিয়ম দ্বারা।

৩।৶০ কড়ির দাম = ১৲

∴ ১ কাহন কড়ির দাম = ১৲ ÷ ৩।৶০

∴ ৮৶১২॥ কড়ির দাম = ১৲ ÷ ৩।৶০ × ৮৶১২॥

= ৮৶১২॥ ÷ ৩।৶০

ত্রৈরাশিকের	কাঁচা	কাঁচা	পাকা	পাকা
নিয়মে পাতন	৩।৶০ :	৮৶১২॥ ::	১৲ :	উত্তর

এইস্থলে ৮৶১২॥কে ৩।৶০ দিয়া হরণ করিতে হইবে।

৩।৶০) ৮৶১২॥ (২।৶০ উত্তর।
৬৸০
―――
১।৶১২॥ আনার কড়ি ৶৭॥

৶৭॥ × ৭ = ১।৶১২॥

২ টাকা খাওয়াইলে বাকি ১।৶১২॥ রহিল; এখন ১।৶১২॥কে আনার কড়ি ৶৭॥ দিয়া হরণ করিলে হরণফল ।৶০ হইল ও বাকি কিছুই রহিল না। অতএব ২।৶০ উত্তর স্থির হইল।

২য় প্রশ্ন। ১৲ কাহন কড়ির দাম যদি ২।৶০ হয়, তবে টাকা ৮৸৶৬॥তে কত কড়ি পাওয়া যাইবে?

এইস্থলে ৮৸৶৬৷৷কে ২৷৶০ দিয়া হরণ করিলে উত্তর পাওয়া যাইবে।

```
২৷৶০ ) ৮৸৶৬৷৷ ( ৩
        ৭৷/০
৵৮৸ ) ১৷৷৵৬৷৷ ( ৷৷৵০
        ১৷৷ ৭৷৷
 ৎ২৷৶ ) /১৯ ( ১৬
        /১৯
```

পণের দাম ৵৮৸ গণ্ডার দাম ৎ২৷৶০

∴ ৩৷৷৵১৬ উত্তর।

৮৸৶৬৷৷কে ২৷৶০ দিয়া হরণ করিলে হরণফল ৩৲ হইল ও ১৷৷৵৬৷৷ বাকি রহিল। ১৷৷৵৬৷৷কে পণের দাম ৵৮৸ দিয়া হরণ করিলে হরণফল ৷৷৵০ হইল ও /১৯ বাকি রহিল। /১৯কে গণ্ডার দাম ৎ২৷৶০ দিয়া হরণ করিলে ফল ৎ১৬ হইল ও বাকি কিছুই রহিল না। অতএব ৩৷৷৵১৬ উত্তর স্থির হইল।

প্রথম প্রশ্নে কাঁচা কড়িকে কাঁচা কড়ি দিয়া ভাগ করিতে হইয়াছিল, কিন্তু এই প্রশ্নে পাকাকে পাকা দিয়া ভাগ করিতে হইল।

৩য় প্রশ্ন। যদি টাকা ৩৷৵০তে ১৫৸৶৩ কড়ি পাওয়া যায় তবে ১ টাকায় কত কড়ি পাওয়া যাইবে?

এইস্থলে ১৫৸৶৩কে ৩৷৵০ দিয়া হরণ করিতে হইবে।

```
৩৷৵০ ) ১৫৸৶৩ ( ৪৲
        ১৩৷৷০
৶৭৷৷ ) ২৷৶৬ ( ৷৷৶০
        ২৷/২৷৷
ৎ৩৷৵ ) ৵ৎ৷৷ ( ১২
        ৵ৎ৷৷
```

আনার কড়ি ৶৭৷৷ গণ্ডার কড়ি ৎ৩৷৵০

কাহন ৪৷৷৶১২ উত্তর।

৪র্থ প্রশ্ন। যদি কাহন ৩৷৵০ কড়ির দাম ১৫৸৶৩ হয় তবে ১৲ কাহন কড়ির দাম কত?

এইস্থলে তৃতীয় প্রশ্নের মত ১৫৸৶৩কে ৩৷৵০ দিয়া ভাগ করিতে হইবে।

(তৃতীয় প্রশ্নে কাঁচাকে পাকা দিয়া হরণ করিতে হইয়াছে, কিন্তু এই প্রশ্নে পাকাকে কাঁচা দিয়া হরণ করিতে হইবে।)

৫ম প্রশ্ন। যদি টাকা ৩।৵৹তে ১৫৸৶৩ কড়ি পাওয়া যায় তবে ৭॥৴৹তে কত কড়ি পাওয়া যাইবে?

তৃতীয় প্রশ্নের মত ১৫৸৶৩কে ৩।৵৹ দিয়া হরণ করিলে হরণফল ৪॥৶১২ হয়; ইহা ১ টাকার কড়ি। এখন ১ টাকার কড়ি ৪॥৶১২ হইলে ৭॥৴৹তে কত কড়ি পাওয়া যায় তাহা সরল কড়িকষার প্রথম সঙ্কেত দ্বারা বাহির করা গেল।

	আনার কড়ি
৪৲ কাহন প্রতি	।৹
॥৶৹ পণ প্রতি	৴১৩৸
৴১২ গণ্ডা প্রতি	৴৸
	।১৪॥৹

৭ টাকার কড়ি = ৪॥৶১২ × ৭ = ৩৩৴ ৪

॥৴৹ আনার কড়ি = । ১৪॥ × ৯ = ২॥৵১৹॥

৩৫॥৶১৪॥ উত্তর।

(এইরূপ অঙ্ক ত্রৈরাশিকের নিয়মানুসারে কষিলে অর্থাৎ ১৫৸৶৩কে ৭॥৴৹ দিয়া গুণ করিয়া পরে গুণফলকে ৩।৵৹ দিয়া ভাগ করিলে উত্তর পাওয়া যায় বটে, কিন্তু তাহা অপেক্ষা ঐকিক নিয়মের সঙ্কেত অর্থাৎ যে সঙ্কেত দেখান হইল তাহা সহজ।)

৬ষ্ঠ প্রশ্ন। যদি ৩।৵৹ কড়ির দাম ১৫৸৶৩ হয় তবে ৭॥৴৹ কড়ির দাম কত?

১৫৸৶৩কে ৩।৵৹ দিয়া হরণ করিলে হরণফল ৪॥৶১২ হয়, ইহা ১৲ কাহন কড়ির দাম। এখন ১৲ কাহন কড়ির দাম ৪॥৶১২ হইলে, ৭॥৴৹ কড়ির দাম কত তাহা সরল কড়িকষার দ্বিতীয় সঙ্কেত দ্বারা বাহির কর। উত্তর ৩৫॥৶১৪॥

৩৫ উদাহরণমালা।

১। ১ টাকায় যদি ২।৶১০ কড়ি পাওয়া যায় তবে ৩।৵৬। কড়ির দাম কত?

২। ১৲ কাহন কড়ির দাম যদি ১।৴১২ হয়, তবে ৫।৵২। দামে কত কড়ি পাওয়া যাইবে?

৩। যদি ২।৵১০তে ৮॥৶১১। কড়ি পাওয়া যায় তবে ১ টাকায় কত কড়ি পাওয়া যাইবে ?

৪। যদি ৩॥৶১০ কড়ির দাম ১২/৭॥ হয় তবে ১৲ কাহন কড়ির দাম কত ?

৫। যদি ৪।৵০তে ৭।৶০ কড়ি পাওয়া যায় তবে ৭৸০তে কত কড়ি পাওয়া যাইবে ?

৬। যদি ৪৶১০ কড়ির দাম ২৸/৯৵৫ হয় তবে ১২।৵৫ কড়ির দাম কত ?

৭। যদি ১৭।৵০তে ২৮।/৯৸ কড়ি পাওয়া যায় তবে ১৫॥৵৪তে কত কড়ি পাওয়া যাইবে ?

৮। যদি ৩৩।২॥ কড়ির দাম ৫৪৸৵০৵ হয় তবে ৩৬৸৶৬ কড়ির দাম কত ?

মোকরা মণকষা।

নিম্নে ছয় প্রকার মোকরা মণকষার প্রত্যেকের এক একটী প্রশ্ন দিতেছি।

১ম প্রশ্ন। যদি ১/ মণ চাউলের দাম ২।৵ হয় তবে ১০।১৬॥তে কত চাউল পাওয়া যাইবে ?

২।৵০তে ১/ মণ পাওয়া যায়

∴ ১ টাকাতে ১/ মণ ÷ ২।৵০ পাওয়া যায়।

∴ ১০।১৬॥তে, ১/ মণ ÷ ২।৵০ × ১০।১৬॥ পাওয়া যায়।

অতএব এইস্থলে ১০।১৬॥কে ২।৵০ দিয়া হরণ করিলে ফল কড়ির অঙ্কে ৪।/৮ হইবে; এখন ৪।/৮কে ১/ মণ দিয়া গুণ করিতে হইবে অর্থাৎ ৪।/৮ কড়িকে মণে আনিতে হইবে, অথবা "১ টাকায় যদি ১/ মণ জিনিষ পাওয়া যায় তবে ৪।/৮তে কত জিনিষ পাওয়া যাইবে।" এই অঙ্ক কষিতে টাকা প্রতি মণ এবং আনা প্রতি /২॥ সের ও গণ্ডা প্রতি আধ পুয়া ধরিতে হইবে।*

৪ টাকার নিমিত্ত	৪/ মণ
।/০ আনার ,,	।২॥
৵৮ গণ্ডার ,,	/১
	৪।৩॥ উত্তর।

---

* যদি কড়া থাকিত তবে কড়া প্রতি আধ ছটাক ধরিতে হইত।

এই অঙ্কটী অন্য প্রকারেও কষিতে পারা যায়, যথা—
১০।১৬৷৷ ও ২৷৶০ উভয়কেই কড়ায় লইয়া যাও।
১০।১৬৷৷ = ১৩১৮৬ কড়া, ২৷৶০ = ৩০৪০ কড়া।

১৩১৮৬কে ৩০৪০ দিয়া হরণ করিয়া যাহা হইবে তাহাকে মণ, সের ইত্যাদি কর।

```
৩০৪০ ) ১৩১৮৬ ( ৪ মণ
       ১২১৬০
       ------
        ১০২৬
          ৪০
       ------
৩০৪০ ) ৪১০৪০ ( ১৩ সের
       ৩৯৫২০
       ------
        ১৫২০ × ১৬                 ∴ ৪।৩৷৷ উত্তর।
       ------
৩০৪০ ) ২৪৩২০ ( ৮ ছটাক
       ২৪৩২০
       ------
```

২য় প্রশ্ন। ১ টাকায় যদি মণ ২।৪ জিনিষ পাওয়া যায় তবে ১০/৫।৶০ জিনিষের দাম কত?

এইস্থলে ১০/৫।৶০কে ২।৪ দিয়া ভাগ করিতে হইবে ও ভাগ করিয়া যাহা হইবে তাহাকে টাকা ইত্যাদি করিতে হইবে। কিন্তু হরণ কার্য্য করিবার পূর্ব্বে উভয়কে কড়ি করিতে হইবে।

মণ ইত্যাদিকে কড়ি করিবার নিয়ম।—মণ প্রতি টাকা, সের প্রতি আট গণ্ডা ও ছটাক প্রতি দুই কড়া ধর।

```
  মণ ২।৪            মণ ১০/৫।৶০
  ----------------------------
  কড়ি ২।/১২         কড়ি ১০৶৩
```

এখন ১০৶৩কে ২।/১২ দিয়া ভাগ কর;

```
২।/১২ ) ১০৶৩ ( ৪        ২।/১২ দরে আনার কড়ি ৶৭
         ৯।৶৮
        ------
   ৶৭ ) ৷৷৴১৫ ( ।/০            ৪।/০ উত্তর।
        ৷৷৴১৫
        ------
```

৩য় প্রশ্ন। যদি ৫৷৷২ জিনিষের দাম ১৩৷৷/৫ হয় তবে ১/ মণ জিনিষের দাম কত?

এইস্থলে ৫৷৷২ জিনিষকে কড়ি করিতে হইবে ও যাহা ফল হইবে তাহা দিয়া ১৩৷৷/৫কে হরণ করিলে উত্তর পাওয়া যাইবে।

৪র্থ প্রশ্ন। যদি মণ ১২।৭৶ জিনিষের দাম ৫।৵০ হয় তবে ১ টাকার জিনিষ কত ?

এই স্থলে ১২।৭৶০ জিনিষকে কড়ি করিয়া ৫।৵০ দিয়া হরণ করিলে হরণফল কড়ির অঙ্কে হইবে। এখন হরণফলকে মণ সের ইত্যাদিতে রাখিলেই উত্তর স্থির হইবে।

৫ম প্রশ্ন। ৩।৫ জিনিষের দাম যদি ১৮৶১৮৸ হয় তবে ৭॥২ জিনিষের দাম কত হইবে ?

এইস্থলে ৩।৫ জিনিষকে কড়ি করিয়া যে ফল হইবে তাহা দিয়া ১৮৶১৮৸কে হরণ করিলে ১৲ মণের দাম পাওয়া যাইবে ; এবং ১৲ মণের দাম হইতে প্রথম প্রকার সরল মণকষার নিয়মানুসারে ৭॥২ জিনিষের দাম পাইবে।

৬ষ্ঠ প্রশ্ন। ৩।৫ জিনিষের দাম যদি ১৮৶১৮৸ হয় তবে ৪০৸৲১॥তে কত জিনিষ পাওয়া যাইবে ?

এইস্থলে ৩।৫ জিনিষকে কড়ি করিয়া তাহাকে ১৮৶১৮৸ দিয়া ভাগ করিলে ১ টাকার জিনিষ পাওয়া যাইবে ; ১ টাকার জিনিষ হইতে ৪০৸৲১॥তে কত জিনিষ পাওয়া যায় তাহা দ্বিতীয় প্রকার সরল মণকষা দ্বারা বাহির করিতে হইবে।

৩৬ উদাহরণমালা।

১। যদি ১ মণ দ্রব্যের দাম ২।৶০ হয় তবে ১২৶০তে কত দ্রব্য পাওয়া যাইবে ?

২। যদি ১ টাকায় ১॥৫ জিনিষ পাওয়া যায় তবে ২৸৩৸০ জিনিষের দাম কত ?

৩। যদি ২৸৪ জিনিষের দাম ৫৲৪॥ হয় তবে ১৲মণ জিনিষের দাম কত ?

৪। যদি ৬॥৫৵০ জিনিষের দাম ২॥৵০ হয় তবে ১ টাকার জিনিষ কত ?

৫। ১৲৫।৲জিনিষের দাম যদি ১৯৸৶০ হয় তবে ২।৬॥৲০ জিনিষের দাম কত ?

৬। ৬৲৮ জিনিষের দাম যদি ৯॥৶০ হয় তবে ১৩॥৲০তে কত জিনিষ পাওয়া যাইবে ?

মোকরা জমাবন্দি।

প্রত্যেক প্রকার মোকরা জমাবন্দির এক একটী প্রশ্ন দিতেছি।

১ম প্রশ্ন। ১/ বিঘা জমির খাজানা যদি ৩৷৵০ হয় তবে ১৪৵১৩৫৫তে কত জমি খাজানা করিয়া লইতে পারা যায়?

এই স্থলে ১৪৵১৩৫কে ৩৷৵০ দিয়া হরণ করিলে ফল কড়ির অঙ্কে ৩৫৵০ হইল; ৩৫৵০কে বিঘা কাঠা ইত্যাদি করিতে হইবে। কড়িকে জমি করিবার নিয়ম। টাকা প্রতি বিঘা ধরিলে চৌক প্রতি পাঁচ কাঠা, পণ প্রতি পাঁচ পুয়া ও গণ্ডা প্রতি ছটাক ধরিতে হইবে।

৩ টাকায়	৩/ বিঘা
৫০ চৌকে	৫০ কাঠা
৵০ পণে	/২॥ কাঠা
	৩৫২॥ উত্তর।

২য় প্রশ্ন। ২৷৩ জমির খাজানা যদি ১ টাকা হয় তবে ১৪/১৷ জমির খাজানা কত?

এই স্থলে ১৪/১৷কে ২৷৩ দিয়া হরণ করিতে হইবে; কিন্তু হরণ করিবার পূর্ব্বে জমিকে কড়ি করিতে হইবে।

জমিকে কড়ি করিবার নিয়ম। বিঘা প্রতি টাকা ধরিলে কাঠা প্রতি ৎ১৬ গণ্ডা ও ছটাক প্রতি ৎ১ গণ্ডা ধরিতে হইবে।

	কড়ি
২/ বিঘায়	২৲
৷৩ কাঠায়	৷৵৮
	২৷৵৮

	কড়ি
১৪/ বিঘায়	১৪৲
/১ কাঠায়	ৎ১৬
/৷০ ছটাকে	ৎ৪
	১৪/০

২৷৵৮) ১৪/০ (৫৲
১২
৵৮) ২/০ (৸/০
১৸৶৪
ৎ২৷৵৮) /১৬ (১৫
/১৬
০

আনার কড়ি = ৵৮

গণ্ডার কড়ি = ৎ২৷৵৮

৫৸/১৫ উত্তর।

৩য় প্রশ্ন। যদি ৩৷২ জমির খাজানা ৯৷৶৪ হয় তবে ১/ বিঘার খাজানা কত?

এইস্থলে ৩॥২ জমিকে কড়ি করিলে কড়ির অঙ্কে ৩॥/১২ হইবে অতএব ৯।৶৪কে ৩॥/১২ দিয়া হরণ করিলে উত্তর পাইবে।

```
৩॥/১২ ) ৯।৶৪ ( ২১
        ৭ ৶৪
        ----
৶১২ ) ২।০ ( ॥৵০
      ২।০
      ----
       ০
```

আনার কড়ি = ৶১২

২॥৵০ উত্তর।

৪র্থ প্রশ্ন। যদি ৩॥২৶০ জমির খাজানা ৪।৵০ হয় তবে ১ টাকায় কত জমি খাজানা করিয়া লওয়া যাইতে পারে?

এইস্থলে ৩॥২৶০কে কড়ি করিয়া ৪।৵০ দিয়া হরণ করিতে হইবে, ও যাহা ফল হইবে তাহাকে জমি করিলেই উত্তর পাওয়া যাইবে।

৫ম প্রশ্ন। যদি ৩॥২ জমির খাজানা ৯।৶৪ গণ্ডা হয় তবে ৪॥১ জমির খাজানা কত?

এইস্থলে ৩॥২ জমিকে কড়ি করিয়া তাহা দিয়া ৯।৶৪কে ভাগ করিলে ১/ বিঘার খাজানা বাহির হইবে ও ১/ বিঘার খাজানা হইতে সরল জমাবন্দির নিয়মে ৪॥১ জমির খাজানা বাহির করিতে হইবে।

৬ষ্ঠ প্রশ্ন। যদি ৩॥২ জমির খাজানা ৯।৶৪ হয় তবে ৬॥/০তে কত জমি পাওয়া যাইবে?

৯।৶৪কে ৩॥২ দিয়া ভাগ করিলে ১/ বিঘার খাজানা বাহির হইবে; পরে প্রথম প্রশ্নের নিয়মানুসারে কষিলে ইহার উত্তর পাওয়া যাইবে।

৩৭ উদাহরণমালা।

১। যদি ১/ বিঘার দর ৩।৵০ হয় তবে ১০৵০তে কত জমি পাওয়া যাইবে?
২। যদি ১।৩ জমির খাজানা ১ টাকা হয় তবে ৮৸০ জমির খাজানা কত?
৩। যদি ৩।২ জমির খাজানা ১২॥/০ হয় তবে ১/ বিঘার খাজানা কত?
৪। যদি ৪॥৪/০ জমির খাজানা ১৮৶/০ হয় তবে ১ টাকাতে কত জমি জমা করিয়া লওয়া যাইতে পারে?
৫। যদি ২।১ জমির খাজানা ১২৸৶০ হয় তবে ৪৸১ জমির খাজানা কত?
৬। যদি ২৸২ জমির খাজানা ৫৸৶০ হয় তবে ১২৵০তে কত জমি পাওয়া যাইবে?

আরও কতকগুলি অন্য প্রকার মোকরার অঙ্ক পরে দিব।

ত্রিকোণ কালি।

(দৈর্ঘ্য ও প্রস্থ জানা থাকিলে কালি করিবার নিয়ম।)

ত্রিকোণ জমির কালি শুন শিশু সবে।
দৈর্ঘ্য প্রস্থ গুণ করি তার অর্দ্ধ লবে॥

অর্থ। তিন কোণা জমির কোন দিক্‌কে দৈর্ঘ্য ধর ও তাহা হইতে সম্মুখস্থ কোণ পর্য্যন্ত মাপিলে যে মাপ সর্ব্বাপেক্ষা কম হইবে তাহাকে প্রস্থ ধর। দৈর্ঘ্য ও প্রস্থে গুণ করিয়া তাহার অর্দ্ধেক লও অর্থাৎ তাহাকে ২ দিয়া ভাগ কর। শেষ ফল জমির কালি হইবে।

প্রশ্ন। এক খণ্ড তিন কোণা জমির দৈর্ঘ্য ৷৷৪ কাঠা ও প্রস্থ ৷৷০ কাঠা; জমির কালি কত?

৷৷৪ × ৷৷০ = ১৪০ গণ্ডা = ৷৶০ '

৷৶০এ ৷২ কাঠা। ৷২ ÷ ২ = ⁄৩৷৷ উত্তর।

৩৮ উদাহরণমালা।

নীচের ত্রিকোণ জমিগুলির কালি কত?

১। দৈর্ঘ্যে ৷৷২ কাঠা ও প্রস্থে ৷০ কাঠা

২। দৈর্ঘ্যে ৸০ কাঠা ও প্রস্থে ৷৷৩ কাঠা

৩। দৈর্ঘ্যে ১৩৷২ ও প্রস্থে ৫৷৷০ ৪। দৈর্ঘ্যে ৪৸১ ও প্রস্থে ৩৷৷২৷৷

৫। দৈর্ঘ্যে ৩৷৷২ ও প্রস্থে ২৷৷৩ ৬। দৈর্ঘ্যে ৫৷২৷৷৵ ও প্রস্থে ৪৷১৷৷

বৃত্ত কালি।

ব্যাসার্দ্ধকে তাই দিয়া পূরণ করিবে।
ফলের বাইশ গুণ লইতে হইবে॥
পাইবে যে অঙ্ক তাকে সাত দিয়া হর।
শিশু সবে এইরূপে বৃত্তকালি কর॥

অর্থ। গোলাকার জমির মাঝারের মাপকে ব্যাস বলে। ব্যাসের অর্দ্ধেক লও, এবং তাহাকে তাহাই দিয়া পূরণ কর; যে ফল হইবে তাহাকে আবার বাইশ দিয়া গুণ কর। শেষে যে অঙ্ক পাইবে তাহাকে সাত দিয়া হরণ কর।

প্রশ্ন। যে গোলাকার জমির মাঝারের মাপ ৩৷৷০ বিঘা তাহার কালি কত?

এই স্থলে ব্যাসার্দ্ধ = ৩৷৷০ ÷ ২ = ১৸০

১৸০ × ১৸০ = ৩/১৷ ৩/১৷ × ২২ = ৬৭৷২৷৷

৬৭৷২৷৷ ÷ ৭ = ৯৷৷২৷৷ উত্তর।

৩৯ উদাহরণমালা।

১। যে গোলাকার জমির মাঝারের মাপ ১৪ গজ তাহার কালি কত ?

২। যে গোলাকার জমির মাঝারের মাপ ৷৷৪ কাঠা তাহার কালি কত ?

৩। যে গোলাকার জমির ব্যাসার্দ্ধের মাপ বিঘা ২৸১ তাহার কালি কত ?

৪। যে গোলাকার জমির মাঝারের মাপ বিঘা ১৷৪ তাহার কালি কত ?

৫। যে গোলাকার জমির ব্যাসার্দ্ধের মাপ বিঘা ১৷৪৷/০ তাহার কালি কত ?

সপ কালি।

১৩ হাত দীর্ঘ ও ১ হাত প্রস্থ সপকে কালির ১ হাত সপ ধরা হইয়া থাকে।

দৈর্ঘ্যে সপ হাত যত, প্রস্থ দিয়া পূর তত।
তের দিয়া হরে আন, সপের কালি তবে জান॥

১ম প্রশ্ন। একটী ঘরের দৈর্ঘ্য ২৬ হাত ও প্রস্থ ১৫ হাত, ইহাতে কালির কত হাত সপ আছে ?

২৬ × ১৫ ÷ ১৩ = ২ × ১৫ = ৩০, অতএব উত্তর ৩০ হাত। এখন গজ দরেও সপের হিসাব করা হয়। ২হাত = ৩ফিট্ = ১গজ।

২য় প্রশ্ন। একটী ঘরের দৈর্ঘ্য ২৫ গজ ও প্রস্থ ২০ গজ; এই ঘর সপ দিয়া ঢাকিতে হইলে ৵০ গজ দরে কত দামের সপ লাগিবে ?

২৫ × ২০ = ৫০০ সারা গজ। ৫০০ × ৵০ = ৬২৷৷০ উত্তর।

৪০ উদাহরণমালা।

১। যে ঘরের দৈর্ঘ্য ১৫ হাত ও প্রস্থ ৬৷৷ হাত তাহাতে কালির কত হাত সপ লাগিবে ?

২। যে ঘরের দৈর্ঘ্য ১৬ হাত ও প্রস্থ ১৸ হাত তাহাতে কত সপ লাগিবে ?

৩। যে ঘরের দৈর্ঘ্য ২৪ হাত ও প্রস্থ ১৬৷ হাত তাহাতে কত সপ লাগিবে ?

৪। একটী ঘরের দৈর্ঘ্য ২৩ হাত ও প্রস্থ ১৩ হাত ; যদি কালির ১ হাত সপের দাম ৵১৬ হয়, তবে ঐ ঘরে যত সপ লাগিবে তাহার দাম কত ?

৫। যদি কালির ১ হাত সপের দাম ৵/০ হয় তবে যে ঘরের দৈর্ঘ্য ১৫ হাত ও প্রস্থ ১২ হাত, সেই ঘর মুড়িতে যত সপ লাগিবে তাহার দাম কত ?

৬। যদি কালির ১ গজ সপের দাম ৴১০ হয়, তবে ১৪ হাত দীর্ঘ ও ১২ হাত প্রশস্ত ঘরে সপ বিছাইতে কত দাম লাগিবে ?

৭। যদি কালির ১ গজ সপের দাম ।০ হয়, তবে ১৩ গজ দীর্ঘ ও ১২ গজ প্রশস্ত ঘরে সপ বিছাইতে কত দামের সপ লাগিবে ?

৮। যদি কালির ১ গজ সপের দাম ৴০ হয়, তবে ৩০ ফিট্ দীর্ঘ ও ২৪ ফিট প্রশস্ত ঘরে সপ বিছাইতে কত দামের সপ লাগিবে ?

নিটন কালি।

কাঠ ও দেওয়াল কালি।

প্রস্থ দিয়া দৈর্ঘ্য পূর, সারার তলে একুন কর।
ঊর্দ্ধ দিয়া সারায় পূর, পূরণ অঙ্ক হয় নিকর।
তার উপরে চড়ে দর, লেখার গুরু শুভঙ্কর॥

অর্থ। প্রস্থ দিয়া দৈর্ঘ্যকে পূরণ করিলে সারা কালি হইবে ; এখন ঐ সারা কালিকে ঊর্দ্ধ দিয়া পূরণ করিলে নিকর বা নিটন কালি হইবে। ইহার উপর দর কষিতে হইবে।

১ম প্রশ্ন। ঊর্দ্ধে ১ হাত, প্রস্থে ১ হাত ও দৈর্ঘ্যে ১ হাত অর্থাৎ নিটন ১ হাত দেওয়ালের দর যদি ।৵০ হয় তবে ভিত ২ হাত, লম্বাই ৮০ হাত ও উচ্চতা ১০ হাত এরূপ দেওয়াল প্রস্তুত করিতে কত খরচ লাগিবে ?

২ × ৮০ = ১৬০ সারা হাত, ১৬০ × ১০ = ১৬০০ নিটন হাত।
১৬০০ × ।৵০ = ৬০০ টাকা উত্তর।

২য় প্রশ্ন। ঊর্দ্ধে ৮ হাত, প্রস্থে ১ হাত ও দৈর্ঘ্যে ১ হাত দেওয়াল গাঁথিতে যদি ১।৵০ খরচ পড়ে, তবে যে দেওয়ালের ভিত ১॥ হাত, উচ্চতা ১০ হাত ও লম্বাই ২০০ হাত এরূপ দেওয়াল গাঁথিতে কত খরচ পড়িবে ?

৮ × ১ × ১ = ৮ নিটন হাত।

১॥ × ১০ × ২০০ = ৩০০০ নিটন হাত।

৮ নিটন হাত গাঁথিবার খরচ = ১।৶০

∴ ১ নিটন ... ... = ১।৶০ ÷ ৮

∴ ৩০০০ নিটন ... ... = ১।৶০ ÷ ৮ × ৩০০০

৩০০০কে ৮ দিয়া ভাগ করিলে ৩৭৫ হইল ; ১।৶০কে ৩৭৫ দিয়া গুণ করিলে ৫১৫॥৶০ হইল।

১।৶০কে ৩০০০ দিয়া গুণ করিলে ৪১২৫৲ হইল, ৪১২৫কে ৮ দিয়া ভাগ করিলে ৫১৫।৶০ হইল।

এখন হাতের হিসাবে দর না করিয়া ফুট্‌ হিসাবে দর করিবার নিয়ম প্রচলিত হইতেছে। ১২ বুরুলে ১ ফুট্‌ ও ১॥ ফিটে ১ হাত হয়। প্রস্থে ১ফুট্‌, ঊর্দ্ধে ১ ফুট ও লম্বে ১০০ ফিট্‌ হইলে ১ হন্দরফুট্‌ বা ১০০ ফিট্‌ হয়।

৩য় প্রশ্ন। হন্দর ফুটের দর যদি ২॥০ হয় তবে যে দেওয়ালের ভিত ২ ফিট, উচ্চতা ১৫ ফিট ও লম্বাই ৪০ ফিট, সেই দেওয়াল প্রস্তুত করিতে কত খরচ পড়িবে ?

২ × ১৫ × ৪০ = ১২০০ নিটন ফিট্‌।

১২০০কে ১০০ দিয়া ভাগ করিলে ১২ হইল ; ২॥০ টাকাকে ১২ দিয়া গুণ করিয়া ৩০ টাকা হইল, এই স্থলে ২॥০কে ১২০০ দিয়া গুণ করিয়া ১০০ দিয়া ভাগ দিলেও হইত, যথা—

২॥০ × ১২০০ ÷ ১০০ = ৩০০০৲ ÷ ১০০ = ৩০৲

৪র্থ প্রশ্ন। ১২৫ টাকা হন্দর দরে ৩২ ফিট্‌ দীর্ঘ, ৭ বুরুল প্রস্থ ও ৯ বুরুল উচ্চ একখানি কড়ি কাঠের দাম কত ?

নিটন কালি = ৩২ ফিট্‌ × ৭ বুরুল × ৯ বুরুল

(কিন্তু ৭ বুরুলকে ১২ দিয়া এবং ৯ বুরুলকেও ১২ দিয়া ভাগ করিতে হইবে।)

∴ নিটন কালি = ৩২ × $\frac{৭}{১২}$ × $\frac{৯}{১২}$

= ২ × ৭ = ১৪ নিটন ফিট্‌।

∴ দাম = ১২৫ × ১৪ ÷ ১০০ = ১৭॥০ টাকা উত্তর।

৪১ উদাহরণমালা।

১। ১ নিটন হাত গাঁথনির দর ৶০ হইলে, যে দেওয়ালের ভিত ২ হাত, উচ্চতা ১১ হাত ও লম্বাই ৩২ হাত সেই দেওয়াল গাঁথিতে কত খরচ পড়িবে ?

২। ১ নিটন হাত দেওয়ালের দর ৵০ হইলে, যে দেওয়ালের ভিত ২।৶ হাত, উচ্চতা ৮ হাত ও লম্বাই ৫০ হাত তাহা গাঁথিতে কত খরচ পড়িবে ?

৩। ১ নিটন হাত দেওয়ালের দর /১০ হইলে, যে দেওয়ালের ভিত ১৸ হাত, উচ্চতা ১০ হাত ও লম্বাই ৪০ হাত তাহা গাঁথিতে কত খরচ পড়িবে ?

৪। ১ নিটন হাত দেওয়ালের দর ৶১০ হইলে, যে দেওয়ালের ভিত ২। হাত, উচ্চতা ১২ হাত ও লম্বাই ১০০ হাত তাহা গাঁথিতে কত খরচ পড়িবে ?

৫। ১ নিটন হাত দেওয়ালের দর /১৫ হইলে, যে দেওয়ালের ভিত ২ হাত, উচ্চতা ১০ হাত ও লম্বাই ১২০ হাত তাহা প্রস্তুত করিতে কত খরচ পড়িবে ?

৬। উর্দ্ধে ৮ হাত, ভিত ১ হাত ও দৈর্ঘ্যে ১ হাত দেওয়ালের দাম ১৶০ হইলে, উর্দ্ধে ১২ হাত, ভিত ২ হাত ও দৈর্ঘ্যে ৪০ হাত দেওয়ালের দাম কত ?

৭। উর্দ্ধে ৮হাত, ভিত ১হাত ও দৈর্ঘ্যে ১হাত দেওয়ালের দাম ।০হইলে, উর্দ্ধে ১৪ হাত, ভিত ১॥ হাত ও দৈর্ঘ্যে ৪০ হাত দেওয়ালের দাম কত ?

৮। উর্দ্ধে ৮ হাত, ভিত ১। হাত ও লম্বে ১ হাত দেওয়ালের দর যদি ৫ টাকা হয় তবে উর্দ্ধে ১০ হাত, ভিত ২ হাত ও লম্বে ১০০ হাত দেওয়ালের দাম কত ?

৯। ৮ নিটন হাতের দর যদি ২।/০ হয়, তবে উর্দ্ধে ১২ হাত, ভিত ২॥ হাত ও লম্বে ২০০ হাত দেওয়ালের দাম কত ?

১০। ১০ নিটন হাতের দর যদি ৩৶০ হয়, তবে ৬০ হাত লম্বে, ১॥ হাত ভিত ও ৮ হাত উর্দ্ধে এরূপ দেওয়ালের দাম কত ?

১১। ১ নিটন ফুট্ কাঠের দাম যদি ৵০ হয়, তবে ৩০ ফিট্ লম্বা, ১॥ ফিট্ চওড়া ও ১ ফুট্ উচ্চ একখানি কড়ি কাঠের দাম কত ?

১২। ১ নিটন ফুট্ কাঠের দাম যদি ।০ আনা হয়, তবে ২৫ ফিট্ লম্বা, ২ ফিট্ চওড়া ও ১॥ ফিট্ উচ্চ একখানি বাহাদুরি কাঠের দাম কত ?

১৩। ১২॥০ টাকা হন্দর দরে ৩০ ফিট্ দীর্ঘ, ২ ফিট্ ভিত ও ১২ ফিট্ উচ্চ একটী দেওয়াল প্রস্তুত করিতে কত খরচ হইবে ?

১৪। ১৫ টাকা হন্দর দরে ৫০ ফিট্ দীর্ঘ, ২॥ ফিট্ ভিত ও ১৬ হাত উচ্চ একটী দেওয়ালের দাম কত ?

১৫। ২০ টাকা হন্দর দরে লম্বে ২০ ফিট্, প্রস্থে ২॥ ফিট্ ও উর্দ্ধে ২ ফিট্ এক খানি বাহাদুরি কাঠের দাম কত ?

১৬। ২৪ টাকা হন্দর দরে ২৭ ফিট্ দৈর্ঘ্যে, ৩ বুরুল প্রস্থে ও ৮ বুরুল উচ্চে এক খণ্ড কড়ি কাঠের দাম কত ?

ইট কালি।

মসলা দিয়া না গাঁথিয়া কেবল ইট সাজাইয়া রাখিলে একটী ইটের গাদিতে কত ইট থাকে তাহা নির্ণয় করিবার নিয়ম।

পৃথক্ পৃথক্ মেপে দৈর্ঘ্য প্রস্থ দল।
আলাহিদা আলাহিদা রাখিবে সকল॥
দ্বাদশের অঙ্ক রাখি সবার উপরে।
পৃথক্ পৃথক্ করি হরিবে তাহারে॥
যতেক হরণফল পাইবে তাহাতে।
যথাক্রমে তা সবারে হইবে পূরিতে॥
পূরণ করিলে যাহা হইবে নির্ণয়।
ফুট্ প্রতি তত ইট শুভঙ্কর কয়॥

অর্থ। দৈর্ঘ্য, প্রস্থ ও দলের (ইঞ্চের মাপে) অঙ্কগুলি পৃথক্ পৃথক্ করিয়া রাখিয়া তাহাদের প্রত্যেকের উপর ১২ রাখ। ১২কে পৃথক্ পৃথক্ রূপে ঐ অঙ্কগুলি দিয়া ভাগ কর; দৈর্ঘ্য ও প্রস্থের হরণফল গুণ কর ও যাহা গুণফল হইবে, তাহাকে দলের হরণফল দিয়া গুণ কর; অবশেষে যে ফল হইবে দেওয়ালের নিটন ফুট্ প্রতি তত ইট লাগিবে।

প্রশ্ন। দৈর্ঘ্যে ৯ ইঞ্চ, প্রস্থে ৪॥ ইঞ্চ ও দলে ২। ইঞ্চ ইট দিয়া লম্বে ৬০ ফিট্, ঊর্দ্ধে ৬ ফিট্ ও প্রস্থে ৩ ফিট্ একটী ইটের গাদি প্রস্তুত করা হইয়াছে; গাদিতে কত ইট আছে?

পাতন $\frac{১২}{৯}$ $\frac{১২}{৪॥}$ $\frac{১২}{২।}$

∴ এক ফুটে $\frac{১২}{৯} \times \frac{১২}{৪॥} \times \frac{১২}{২।}$ বা $\frac{৪}{৩} \times \frac{৪}{১॥} \times \frac{৪}{৸}$ ইট লাগিবে;

∴ $৬০ \times ৬ \times ৩$ ফিটে $৬০ \times ৬ \times ৩ \times \frac{৪}{৩} \times \frac{৪}{১॥} \times \frac{৪}{৸}$ ইট লাগিবে।

$$৬০ \times ৬ \times ৩ \times \frac{৪}{৩} \times \frac{৪}{১॥} \times \frac{৪}{৸} = ২০ \times ৪ \times ৪ \times ৪ \times ৪ \times ৪ = ২০৪৮০$$

∴ ২০৪৮০ উত্তর।

যদি ইটগুলি আঁবুড়া খাঁবুড়া হয় তবে গাদিতে কম ইট থাকিবে।

এখন ৯ইঞ্চ, ১০ ইঞ্চ ও ১১ ইঞ্চ ইট এদেশে চলিত হইয়াছে। এক হন্দর ফুট্ গাঁথনিতে ভাল মিস্ত্রি যতগুলি ইট লাগাইতে পারে, মন্দ মিস্ত্রি তত পারে না। ইটের মধ্যে মধ্যে মসলা দিতে হয়। এক হন্দর ফুট্ দেওয়াল গাঁথিতে ভাল মিস্ত্রি এক এক প্রকার ইট কত করিয়া লাগায় তাহা বলিতেছি।

দৈর্ঘ্যে ১১ ইঞ্চ, প্রস্থে ৫॥ ইঞ্চ ও দলে ২৮ ইঞ্চ ইটের ৮০০ খানি ;
দৈর্ঘ্যে ১০ ইঞ্চ, প্রস্থে ৫ ইঞ্চ ও দলে ২৮ ইঞ্চ ইটের ১০০০ খানি ;
এবং দৈর্ঘ্যে ৯ ইঞ্চ, প্রস্থে ৪॥ ইঞ্চ ও দলে ২৮ ইঞ্চ ইটের ১২০০ খানি।
ইটের লম্বাই অনুসারে নাম হইয়া থাকে, যথা—
৯ ইঞ্চ, ১০ ইঞ্চ ও ১১ ইঞ্চ ইট।

প্রশ্ন। যে দেওয়ালের ভিত ২ ফিট্ ও যাহার উচ্চতা ১২ ফিট্ এরূপ ৪০ ফিট্ লম্বা দেওয়াল ১০ ইঞ্চ ইট দিয়া গাঁথিতে কত ইট লাগিবে ?

দেওয়ালের কালি = ২ × ১২ × ৪০ = ৯৬০ নিটন ফিট্।

১০০ ফিট্ গাঁথিতে ১০০০ খানি ইট লাগে ;
∴ ১ ফুট ,, ১০০০ ÷ ১০০ বা ১০ খানি লাগে ;
∴ ৯৬০ ফিট্ ,, ১০ × ৯৬০ বা ৯৬০০ ইট লাগে।
∴ উত্তর ৯৬০০ ইট।

৪২ উদাহরণমালা।

১। ৯ইঞ্চ ইট দিয়া ৬০ ফিট্ লম্বা, ১০ফিট উচ্চ ও ২ফিট্ চওড়া দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

২। ১০ ইঞ্চ ইট দিয়া লম্বে ৫৫ফিট্, উর্দ্ধে ৮ ফিট ও যাহার ভিত ১॥ফিট্ এরূপ একটী দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৩। ১১ইঞ্চ ইট দিয়া লম্বে ৬০ ফিট্, উর্দ্ধে ১০ ফিট্ ও যাহার ভিত ২ ফিট্ এরূপ দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৪। ১০ ইঞ্চ ইট দিয়া লম্বে ৭০ ফিট্, উর্দ্ধে ১১ফিট্ ও যাহার ভিত ৩ফিট্ এরূপ দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৫। ১১ ইঞ্চ ইট দিয়া লম্বে ৮০ ফিট্, উর্দ্ধে ১২ ফিট্ ও যাহার ভিত ২॥ ফিট এরূপ একটী দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৬। ১০ইঞ্চ ইট দিয়া লম্বে ৭৫ ফিট্, উর্দ্ধে ৮ ফিট্ ও যাহার ভিত ২ ফিট্ এরূপ দেওয়াল প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৭। ৯ ইঞ্চ ইট দিয়া লম্বে ৩০ ফিট্, উর্দ্ধে ৫॥ ফিট্ ও দলে ৪॥ ফিট্ একটী ইটের গাদি প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

৮। ১১ ইঞ্চ ইট দিয়া লম্বে ৪০ ফিট্, উর্দ্ধে ৫ ফিট্ ও দলে ২৮ ফিট্ একটী ইটের গাদি প্রস্তুত করিতে কত ইট লাগিবে ?

পুষ্করিণী কালি।

পুকুর কালির কথা কহি শুন সবে।
উপর ও মধ্যভাগ, তলেরে মাপিবে॥
দৈর্ঘ্যে প্রস্থে সারা কালি বাহির করিয়া।
পৃথক রূপেতে রাখ সতর্ক হইয়া॥
মধ্যে যত সারা হবে করি চারি গুণ।
উপর তলার সহ করিবে একুন॥
একুন করিয়া অঙ্ক যতেক হইবে।
গভীরতা দিয়া তারে অবশ্য পূরিবে॥
তার পরে ছয় দিয়া করিলে হরণ।
পাইবে নিটন কালি নিশ্চয় কথন॥

অর্থ। উপর, তলার ও মধ্যের সারাকালি পৃথক্ পৃথক্ রূপে বাহির কর; উপর ও তলার কালির সহিত মধ্যের কালিকে চারিগুণ করিয়া যোগ কর, একুন করিয়া যাহা হইল তাহাকে গভীরতা দিয়া গুণ করিয়া ৬ দিয়া ভাগ কর।

৮ হাত লম্বা বাঁশকে দাঁড় বলে ; দাঁড়কে কাহনের অঙ্কে লিখিতে হয়, ও হাত প্রতি ⁄০ ধরা হয়; যথা, মাপ ১৭হাত হইলে তাহাকে ২⁄০ লিখিতে হয়।

প্রশ্ন। একটী পুষ্করিণীর তলা মাপিয়া দৈর্ঘ্য ১০০ হাত ও প্রস্থ ৬০ হাত এবং উপর মাপিয়া দৈর্ঘ্য ১৪০ হাত ও প্রস্থ ১০০ হাত পাওয়া গেল, ইহার গভীরতা ২৪ হাত ; পুষ্করিণীর কালি কত ?

মধ্যের মাপের দৈর্ঘ্য = (১০০ + ১৪০) ÷ ২ বা ১২০ হাত।
,, ,, প্রস্থ = (১০০ + ৬০) ÷ ২ বা ৮০ হাত।
উপরের সারা কালি = ১৪০ × ১০০ হাত
= ১৭॥০ × ১২॥০ বা ২১৮⁄০ দাঁড়।

তলার সারা কালি = ১০০ × ৬০ হাত

= ১২॥০ × ৭॥০ = ৯৩৸০ দাঁড়

মধ্যের সারা কালি = ১২০ × ৮০ হাত

= ১৫ × ১০ বা ১৫০ দাঁড়

নিটন কালি = (২১৮৸ + ৯৩৸ + ৪ × ১৫০) × ৩ ÷ ৬

= ৯১২॥০ × ৩ ÷ ৬ = ৪৫৬।০ দাঁড় উত্তর।

পূর্ব্বে ৮ হাতের দাঁড় প্রচলিত ছিল; কিন্তু এখন ৮ হাতের দাঁড়ের বদলে ১০ ফিটের দাঁড় চলিত হইতেছে। এই প্রণালীতে ফুট্ হিসাবে নিটন কালি বাহির করিয়া তাহাকে ১০০০ দিয়া ভাগ করিলে পাকা দাঁড় * পাওয়া যাইবে।

প্রশ্ন। একটী পুষ্করিণীর তলার মাপ ১০০ ও ৭০ ফিট এবং উপরের মাপ ১৬০ ও ১৩০ ফিট; ইহার গভীরতা ৪০ ফিট হইলে কালি কত হইবে?

মধ্যের দৈর্ঘ্য = (১০০ + ১৬০) ÷ ২ = ১৩০

,, প্রস্থ = (১৩০ + ৭০) ÷ ২ = ১০০

নিটন কালি = (১০০ × ৭০ + ১৬০ × ১৩০ + ৪ × ১৩০ × ১০০) × ৪০ ÷ ৬ = ৫৩২০০০ নিটন ফিট্ = ৫৩২ পাকা দাঁড়।

৪৩ উদাহরণমালা।

১। একটী টবের গড় দৈর্ঘ্য ৯ হাত, গড় প্রস্থ ৮ হাত ও গভীরতা ২॥ হাত; ইহার কালি কত?

২। যে টবের গড় দৈর্ঘ্য ১৪ ফিট্, গড় প্রস্থ ৭॥ ফিট্ ও গভীরতা ৩ ফিট্ তাহার নিকর কালি কত?

৩। যে পুষ্করিণীর উপরের মাপ ৩০০ ও ২০০ হাত এবং তলার মাপ ২০০ ও ১০০ হাত এবং যাহার গভীরতা ৩২ হাত, তাহার নিকর কালি কত?

৪। যে পুষ্করিণীর উপরের মাপ ৫০০ ও ৪০০ হাত এবং তলার মাপ ৩০০ ও ২০০ হাত এবং যাহার গভীরতা ৪০ হাত তাহার নিকর কালি কত?

৫। যে পুষ্করিণীর তলার মাপ ৩২০ ফিট ও ২৪০ ফিট, উপরের মাপ ৪১০ ফিট ও ৩২০ ফিট এবং গভীরতা ৩৫ ফিট তাহার কালি কত?

---

* দৈর্ঘ্যে দশ ফিট, প্রস্থে দশ ফিট ও উর্দ্ধে দশ ফিট হইলে পাকা দাঁড় হয়।

৬। যে পুষ্করিণীর তলার মাপ ২৮০ ও ২০০ ফিট, উপরের মাপ ৩২০ ও ২৪০ ফিট ও যাহার গভীরতা ২৫ ফিট তাহার কালি কত ?

৭। যে পুষ্করিণীর উপরের মাপ ৬০০ ও ৪০০ ফিট, তলার মাপ ৪০০ ও ২০০ ফিট্ ও গভীরতা ৩৬ ফিট তাহার কালি কত ?

পাঁজা কালি।

এখন ইঞ্চ হিসাবেই ইট প্রস্তুত করা হয়, অতএব অঙ্গুলি ও হাত হিসাবে পাঁজার কালি সংক্রান্ত অঙ্ক দেওয়া নিতান্ত অনাবশ্যক।

পুষ্করিণী কালির প্রথম সঙ্কেত দ্বারা পাঁজার নিটন কালি ফুট্ হিসাবে বাহির কর ও যে মাপের ইটে পাঁজা সাজান হইয়াছে তাহার কতগুলি এক নিটন ফুটে আছে তাহা ইট কালির হিসাবে বাহির কর। দুইটী ফল গুণ করিলে পাঁজায় কত ইট আছে বাহির হইবে।

প্রশ্ন। লম্বে ১০ ইঞ্চ, প্রস্থে ৫ ইঞ্চ ও দলে ৩ ইঞ্চ ইটের একটী পাঁজার তলার মাপ লম্বে ৩০ ফিট্ ও প্রস্থে ২৫ ফিট্ এবং উপরের মাপ লম্বে ২০ ফিট্, প্রস্থে ১৫ ফিট্ এবং উর্দ্ধের মাপ ১৫ ফিট্; পাঁজাতে কত ইট আছে ?

মধ্যের মাপ লম্বে $(৩০+২০)\div২$ বা ২৫ ফিট্

" " প্রস্থে $(২৫+১৫)\div২$ বা ২০ ফিট্

পাঁজার নিটন কালি $=(৩০\times২৫+২০\times১৫+২৫\times২০\times৪)\times১৫\div৬$

$=(৭৫০+৩০০+২০০০)\times৫\div২=৭৬২৫$ ফিট।

এক নিটন ফুটে $\frac{১২}{১০}\times\frac{১২}{৫}\times\frac{১২}{৩}$ বা $\frac{৬}{৫}\times\frac{১২}{৫}\times৪$ ইট থাকে।

$\therefore$ ইট সংখ্যা $=\frac{৬}{৫}\times\frac{১২}{৫}\times৪\times৭৬২৫$

$=৬\times১২\times৪\times৩০৫$

$=৮৭৮৪০$ উত্তর।

৪৪ উদাহরণমালা।

১। লম্বে ১০ ইঞ্চ, প্রস্থে ৫ ইঞ্চ ও দলে ২৮ ইঞ্চ ইটের একটী পাঁজার তলার মাপ লম্বে ২৫ ফিট, প্রস্থে ১৮ ফিট, ও উপরের মাপ ২০ ফিট ও ১৫ ফিট এবং উর্দ্ধের মাপ ১৩৮ ফিট ; পাঁজাতে কত ইট আছে ?

২। লম্বে ৯ ইঞ্চ, প্রস্থে ৪॥ ইঞ্চ ও দলে ২৮ ইঞ্চ ইটের পাঁজার তলার মাপ ৩০ ও ২৪ ফিট, উপরের মাপ ২১ ফিট ও ১৫ ফিট এবং উর্দ্ধের মাপ ১৬॥ ফিট, পাঁজাতে কত ইট আছে ?

৩। লম্বে ১১ ইঞ্চ, প্রস্থে ৫॥ ইঞ্চ ও দলে ৩ ইঞ্চ ইটের পাঁজার তলার মাপ ৩৩ ও ২২ ফিট্, উপরের মাপ ২২ ও ১১ ফিট্ ও উর্দ্ধের মাপ ১২ ফিট্ ; পাঁজাতে কত ইট আছে ?

৪। লম্বে ১০ ইঞ্চ, প্রস্থে ৫ ইঞ্চ ও দলে ৩ ইঞ্চ ইটের পাঁজার তলার মাপ ৩০ ও ২০ ফিট, উপরের মাপ ২০ ও ১৫ ফিট ও উর্দ্ধের মাপ ১৫ ফিট ; পাঁজাতে কত ইট আছে ?

নৌকা কালি।

নৌকায় কত মণ মাল বোঝাই হইতে পারে তাহা স্থির করিবার নিয়ম।

নৌকার যে অংশ জলে ডুবিয়া থাকে তাহা বাদ দিয়া বোঝাই করা হয় ; উর্দ্ধে যত দূর বোঝাই করা যাইতে পারে তাহাকে চাড়া বলে। নৌকার মোট লম্বাই যত তাহার অর্দ্ধেক ধরিলে বোঝাইএর লম্বাই হইবে।

দৈর্ঘ্যে নৌকা হাত যত, প্রস্থ দিয়া পূর তত।
চাড়া দ্বিগুণ করে গুণ, যত হাত তত মণ॥
সরঞ্জামি তাহা হতে, বাদ দিয়া হবে লতে।
দশ মণে এক মণ, বাদ দাও বাছাধন॥
বাকি অঙ্ক রবে যত, কৃত মাল হবে তত॥

অর্থ। নৌকার বোঝাইএর লম্বাইকে চওড়াই দিয়া গুণ কর, খালি বাদে যত চাড়া থাকে তাহাকে দ্বিগুণ করিয়া তাহা দিয়া পূর্ব্বের পূরণফল আবার গুণ কর। সর্ব্বশেষে যত হাত ফল হইল তত মণ ধর। এই ফল হইতে সরঞ্জামি প্রতি দশ মণে এক মণ বাদ দিলে যাহা ফল হইবে, নৌকায় তত মণ বোঝাই করা হইতে পারে।

নৌকার প্রস্থ, সকল স্থানে সমান নহে অতএব ৩ বা ৪ জায়গার প্রস্থের মাপ একত্র করিয়া যতবার মাপা হইল তত দিয়া হরণ করিয়া প্রস্থের গড় বাহির কর।

প্রশ্ন। দৈর্ঘ্যে ৪০ হাত, প্রস্থে ৬ হাত ও চাড়ায় ৩॥ হাত নৌকায় ১ হাত তলায় খালি বাদ দিয়া বোঝাই করিলে কত মাল বোঝাই হইতে পারে ?

নিকর চাড়া = ৩॥ − ১ = ২॥ হাত

বোঝাইএর লম্বাই = ৪০ ÷ ২ = ২০ হাত।

২০ × ৬ = ১২০ ; ২॥ × ২ = ৫

১২০ × ৫ = ৬০০ ; ∴ মোট মাল = ৬০০/ মণ।

ইহা হইতে প্রতি ১০/ মণে ১/ মণ বাদ দিতে হইবে।

৬০০/ ÷ ১০ = ৬০/ মণ ; ৬০০/ − ৬০/ = ৫৪০ মণ উত্তর।

৪৫ উদাহরণমালা।

১। দৈর্ঘ্যে ৩৬ হাত, প্রস্থে ৫ হাত ও চাড়ায় ৪ হাত নৌকায় ১ হাত খালি রাখিয়া বোঝাই করিলে কত মাল ধরে ?

২। দৈর্ঘ্যে ৫০ হাত, প্রস্থে ৭ হাত ও চাড়ায় ৫ হাত নৌকায় ১ হাত খালি রাখিয়া বোঝাই করিলে কত মাল ধরিবে ?

৩। দৈর্ঘ্যে ৪৮ হাত, প্রস্থে ৮ হাত ও চাড়ায় ৬ হাত নৌকায় ১ হাত খালি রাখিয়া বোঝাই করিলে কত মণ মাল বোঝাই করিতে পারা যায় ?

৪। দৈর্ঘ্যে ৪৮ হাত, প্রস্থে ৭॥ হাত ও চাড়ায় ৭ হাত নৌকায় ১॥ হাত খালি রাখিয়া বোঝাই করিলে কত মণ মাল বোঝাই করিতে পারা যায় ?

৫। দৈর্ঘ্যে ৫০ হাত, চাড়ায় ৬ হাত নৌকায় ২ হাত খালি রাখিয়া বোঝাই করিতে হইবে ; প্রস্থের মাপ তিন স্থানে ৫, ৮ ও ৫ হাত হইলে নৌকা খানিতে কত মাল বোঝাই করিতে পারা যায় ?

৬। দৈর্ঘ্যে ৪০ হাত, চাড়ায় ৫ হাত নৌকা ১॥ হাত খালি রাখিয়া বোঝাই করিতে হইবে ; প্রস্থের মাপ চারি স্থানে ৪, ৬, ৬ ও ৪ হাত হইলে নৌকায় কত মাল বোঝাই হইবে ?

দধি কালি।

গলা, তলা, ফাঁড় আদি যতেক মাপিবে।
তত ভাগের এক ভাগ অঙ্গুলি ধরিবে॥
ঊর্দ্ধে হবে যতেক অঙ্গুলি নিরূপণ।
উভয় অঙ্গুলি ধরি করিবে পুরণ॥
একুন অঙ্গুলি যত যতনে রাখিবে।
পঞ্চাশের অঙ্ক দিয়া তাহারে হরিবে॥
হরিলে অঙ্গুলি যত কথিতলে রয়।
এক এক অঙ্গুলে তার পাকি সের হয়॥

অর্থ। দধির হাঁড়ির গলা, তলা ও ফাঁড় ইত্যাদির যতগুলি স্থানে মাপ লইবে তত দিয়া সমস্ত মাপগুলির একুনকে ভাগ করিয়া যে ফল হইবে তাহাকে অঙ্গুলি ধরিবে অর্থাৎ গড় বেড়ে কত অঙ্গুলি হয় তাহা স্থির কর; হাঁড়ির উচ্চতা যত অঙ্গুলি তাহা দিয়া গড় বেড়কে গুণ কর। গুণফলকে ৫০ দিয়া হরণ করিলে যে ফল হইবে তাহার প্রত্যেক অঙ্গুলি প্রতি এক পাকি সের হইবে।

প্রশ্ন। যে দধির হাঁড়ির গলার বেড় ২৪ অঙ্গুলি, তলার বেড় ২৬ অঙ্গুলি, ফাঁড়ের বেড় ৪০ অঙ্গুলি, ও যাহার উচ্চতা ৩৫ অঙ্গুলি তাহাতে কত সের দধি আছে?

(২৪ + ২৬ + ৪০) ÷ ৩ = ৩০

৩০ × ৩৫ = ১০৫০   ১০৫০ ÷ ৫০ = ২১,

∴ ॥১ সের উত্তর বাহির হইল।

৪৬ উদাহরণমালা।

নিম্নলিখিত হাঁড়িগুলিতে কত দধি আছে তাহা নিরূপণ কর:—

১। গলা ২০, তলা ২৫, ফাঁড় ৩০ এবং উচ্চতা ২৫ অঙ্গুলি।

২। গলা ২৫, তলা ২০, ফাঁড় ৩০ এবং উচ্চতা ২০ অঙ্গুলি।

৩। গলা ৩০, তলা ৪০, ফাঁড় ৫০ এবং উচ্চতা ৩০ অঙ্গুলি।

৪। গলা ২৪, তলা ৩৬, ফাঁড় ৪৫ এবং উচ্চতা ২৭॥ অঙ্গুলি।

মোকরা সুদকষা।

(আসল কষা)

হার, সময় ও সুদ দেওয়া থাকিলে আসল বাহির করিবার নিয়ম।

১ম প্রশ্ন। পিতা কর্জ্জ দিয়াছিল পুত্র নাহি জানে।
উপস্থিত হইল দ্বিজ তার বিদ্যমানে॥
মুনফা সমেত তঙ্কা হিসাব ঠাহরি।
তঙ্কা প্রতি এক পাই দরমাহা ধরি॥
ষোল মাস সাধু স্থানে টাকা লয়েছিল।
মুনফা সমেত তার হিসাব করিল॥
হিসাব করিয়া তঙ্কা পঞ্চ শত দিল।
কহ দেখি কত টাকা কর্জ্জ লয়ে ছিল॥

অর্থ। একজন ব্রাহ্মণ (দ্বিজ) একজন মহাজনের (সাধুর) নিকট হইতে প্রতিটাকায় এক পয়সা (পাই) মাসিক সুদ হিসাবে কিছু টাকা ষোল মাসের জন্য কর্জ্জ লইয়াছিল। মহাজনের পুত্র এ কথা জানিতেন না। ব্রাহ্মণ মহাজনের পুত্রের নিকট আসিয়া সুদ সমেত ৫০০ টাকা দিলেন; ব্রাহ্মণ কত টাকা কর্জ্জ লইয়াছিলেন ?

অর্থাৎ প্রতি টাকায় মাসিক এক পয়সা হার সুদে কত টাকা ১৬ মাসে সুদে আসলে ৫০০ টাকা হইবে ?

১ টাকার এক মাসের সুদ = ৵৫
১ ,, ষোল ,, ,, = ।০
∴ ১ টাকা ষোল মাসে সুদে আসলে ১।০ হয়।
∴ সুদে আসলে ১।০ হইলে, আসল = ১৲
∴ ,, ,, ১৲ ,, ,, = ১৲ ÷ ১।০
∴ ,, ,, ৫০০৲ ,, ,, = (১৲ ÷ ১।০) × ৫০০
∴ আসল = ৫০০৲ ÷ ১।০ = ৪০০ টাকা

মোট টাকা হইতে আসল বাদ দিলে সুদ বাহির হয়; এই প্রশ্নে মোট ৫০০ টাকা হইতে আসল ৪০০ টাকা বাদ দিলে ১০০ টাকা সুদ বাহির হইল।

ইহা হইতে নীচের আর্য্যাটী পাওয়া যায়।
আসল কষার কথা শুন শিশুগণ।
যত মাস কর্জ্জ লবে করিবে শ্রবণ॥

তঙ্কা প্রতি যত সুদ কবুল করিবে।
যত মাস কর্জ্জ লয় তত গুণ হবে॥
তাহাতে সংযোগ দিয়া এক তঙ্কা কর।
শুভঙ্কর কহে শিশু মোর বাক্য ধর॥
তাহা দিয়া হরিবে যতেক মুদ্রা দিবে।
হরিলে আসল তঙ্কা নিরূপণ হবে॥

অর্থ। মাসের সংখ্যা দিয়া সুদের হারকে গুণ কর; যে ফল হইবে তাহার সহিত ১ টাকা যোগ কর; তাহা দিয়া সুদে আসলে যত টাকা বলা আছে তাহাকে হরণ কর। হরণ ফল = আসল তঙ্কা।

২য় প্রশ্ন। শতকরা ৫ টাকা হার সুদে ৩ বৎসরে কত টাকার সুদ ৩৫।০ হইবে?

১০০ টাকার ৩ বৎসরের সুদ = ৫৲ × ৩ = ১৫৲
∴ ১৫ টাকা সুদের আসল = ১০০৲
∴ ১ ,, ,, ,, = ১০০ ÷ ১৫
∴ ৩৫।০ ,, ,, ,, = (১০০ ÷ ১৫) × ৩৫।০
∴ আসল = ৩৫।০ × ১০০ ÷ ১৫
= ৩৫২৫৲ ÷ ১৫
= ২৩৫ টাকা উত্তর।

নিয়ম। হারকে সময় দিয়া গুণ করিয়া যাহা হইবে তাহা দিয়া সুদের তঙ্কাকে হরণ করিলে আসল টাকা পাওয়া যাইবে।

(আসল, সুদ ও সময় বলা থাকিলে হার বাহির করিবার নিয়ম।)

৩য় প্রশ্ন। শতকরা বার্ষিক সুদের হার কত হইলে ৪৫০ টাকার ৪ বৎসরের সুদ ৮১ টাকা হইবে?

৪৫০ টাকার ৪ বৎসরের সুদ = ৮১৲
∴ ৪৫০ ,, ১ ,, ,, = ৮১৲ ÷ ৪ বা ২০।০
∴ ১ ,, ১ ,, ,, = ২০।০ ÷ ৪৫০
∴ ১০০ ,, ১ ,, ,, = (২০।০ ÷ ৪৫০) × ১০০
= ২০২৫৲ ÷ ৪৫০
= ৮১ ÷ ১৮
= ৯৲ ÷ ২
= ৪॥০ উত্তর।

নিয়ম। সুদকে সময় দিয়া হরণ করিয়া ফলকে ১০০ দিয়া গুণ করিলে ১০০ টাকার সুদ পাওয়া যায় ও ফলকে সময় দিয়া হরণ করিলে শতকরা হার পাওয়া যায়।

(আসল, সুদ ও হার দেওয়া থাকিলে সময় বাহির করিবার নিয়ম।)

৪র্থ প্রশ্ন। শতকরা বার্ষিক ৪ টাকা হার সুদে কত বৎসরে ২২৫০ টাকার সুদ ২৭০ টাকা হইবে ?

২২৫০ টাকার সুদ = ২৭০৲

∴ ১ „ „ = ২৭০ ÷ ২২৫০

∴ ১০০ „ „ = ২৭০০০ ÷ ২২৫০

= ১২৲

৪ টাকা = ১ বৎসরের সুদ।

∴ ১ „ = ১ ÷ ৪ বৎসর বা ৩ মাসের সুদ।

∴ ১২ টাকা = ৩ × ১২ মাস বা তিন বৎসরের সুদ।

∴ ৩ বৎসর উত্তর।

নিয়ম। সুদকে আসল দিয়া হরণ করিয়া ১০০ দিয়া গুণ করিলে একশত টাকার সুদ পাওয়া যায় ; ১০০ টাকার সুদকে হার দিয়া হরণ করিলে সময় পাওয়া যায়।

৪৭ উদাহরণমালা।

১। মাসিক ৲১০ হার সুদে, কত টাকা ৪ মাসে সুদে আসলে ৪৫৲ হইবে ?

২। „ ৲৫ „ „ „ „ ৬ „ „ „ ৮৬।০ „

৩। „ ৲১০ „ „ „ „ ৮ „ „ „ ১০০৲ „

৪। „ ৲৫ „ „ „ „ ১০ „ „ „ ১৩৮৵০ „

৫। মাসিক শতকরা ৷০ হার সুদে কত টাকা ২ বৎসর ৩ মাসে সুদে আসলে ২৮৩৵০ হইবে ?

৬। মাসিক শতকরা ৵০ হার সুদে কত টাকা ১ বৎসর ৪ মাসে সুদে আসলে ৪৩৪ টাকা হইবে ?

৭। বার্ষিক শতকরা ৪৲ হার সুদে ৩ বৎসরে কত টাকা সুদে আসলে ৮৭৬ টাকা হইবে ?

৮। বার্ষিক শতকরা ৭ টাকা হার সুদে কত টাকা ৩ বৎসরে সুদে আসলে ৩১০৮৩ টাকা হইবে?

৯ বার্ষিক শতকরা ৩॥০ টাকা হার সুদে কত টাকা ৪ বৎসরে সুদে আসলে ১৪৮২ টাকা হইবে?

১০। বার্ষিক শতকরা ৫ টাকা হার সুদে কত টাকার ২ বৎসর ৬ মাসের সুদ ১০০ টাকা হইবে?

১১। বার্ষিক শতকরা ৪ টাকা হার সুদে কত টাকার ১৮ মাসে ২২॥০ টাকা সুদ হইবে?

১২। বার্ষিক শতকরা ৫ টাকা হারে ৯২৪ টাকা কত বৎসরে সুদে আসলে ১১৫৫ টাকা হইবে?

১৩। বার্ষিক শতকরা কত হার সুদে ৪ বৎসরে ৩৭৫ টাকার সুদ ৫২॥০ হইবে?

১৪। বার্ষিক শতকরা ৪৲ সুদে ৩৫০ টাকা কত বৎসরে দ্বিগুণ হইবে?

১৫। শতকরা বার্ষিক কত হারে ২০ বৎসরে ৪০০ টাকা সুদে আসলে দ্বিগুণ হইবে?

১৬। বার্ষিক শতকরা ৫ টাকা হার সুদে কত টাকা ২০ বৎসরে সুদে আসলে দ্বিগুণ হইবে?

মোকরা বাটাকষা।

যদি ১১০ টাকা দুই বৎসর পরে প্রাপ্য হয় এবং সেই টাকা এখন লইতে গেলে যদি ১০ টাকা বাদ দিয়া লইতে হয় তাহা হইলে ঐ ১০ টাকাকে ডিস্কাউণ্ট বা বাটা বলে।

এখন ১০০ টাকা পাইলাম; ১০ টাকা কাটিয়া লইল; ইহা ১০০ টাকার দুই বৎসরের সুদ; অতএব ১০০ টাকার ১ বৎসরের সুদ = ১০ ÷ ২ বা ৫; অতএব শতকরা বার্ষিক ৫ টাকা হারে কাটিয়া লইল। এখন যে টাকা পাইলাম তাহাকে বর্ত্তমান-মূল্য বলে।

কিছু সময় পরে প্রাপ্য টাকাকে সুদে আসলে মোট টাকা ও এখন যে টাকা পাইলাম তাহাকে আসল ধরিলে নিয়মেই অঙ্ক কষিতে পারা যায়।

প্রশ্ন। মাসিক শতকরা ॥০ আনা হার সুদে ৮ মাস পরে প্রাপ্য ৫২০ টাকায় এখন লইতে হইলে কত বাটা দিতে হইবে ?

১০০ টাকার ৮ মাসের সুদ = ॥০ × ৮ = ৪৲

∴ ১০৪ টাকা ৮ মাস পরে প্রাপ্য হইলে তাহার বর্ত্তমান মূল্য = ১০০ টাকা ;

∴ ১ " " " " = ১০০ ÷ ১০৪

∴ ৫২০ " " " " = (১০০ ÷ ১০৪) × ৫২০

= ৫২০০০ ÷ ১০৪ টাকা = ৫০০ টাকা।

৫২০৲ − ৫০০৲ = ২০৲ উত্তর।

৪৮ উদাহরণমালা।

১। মাসিক শতকরা ॥০ হার সুদে ৯ মাস পরে প্রাপ্য ৪১৮ টাকার বাটা কত ?

২। মাসিক শতকরা ॥০ হার সুদে ৭ মাস পরে প্রাপ্য ৫৬৯।০ টাকার বাটা কত ?

৩। মাসিক শতকরা।৵০ হার সুদে ১৮ মাস পরে প্রাপ্য ৮৫৪ টাকার বাটা কত ?

৪। ১০ মাস পরে দেয় ২৫৩।০ টাকার বর্ত্তমান মূল্য যদি এখন দেওয়া যায় তবে মাসিক শতকরা ॥৵০ হার সুদে কত বাটা কাটিয়া লওয়া যাইতে পারে ?

৫। বার্ষিক ৩৫ টাকা হার সুদে ৩ বৎসর পরে দেয় ৮৩৩৸০ টাকার বাটা কত ?

৬। বার্ষিক ৫¼ হার সুদে ৪ বৎসর পরে দেয় ৩০৫ টাকার বর্ত্তমান মূল্য কত ?

৭। বার্ষিক শতকরা ৪ টাকা হার সুদে ৬ মাস পরে দেয় ১২৭৫ টাকার বাটা কত ?

৮। বার্ষিক শতকরা ৫ টাকা হার সুদে ১৫ মাস পরে দেয় টাকা ১৩২৮৵০র বাটা কত ?

আসল লভ্য।

প্রশ্ন। একজন আড়ৎদার ২॥০ টাকা মণ দরে চাউল কিনিলেন, গাড়ি ভাড়া, মুটে ভাড়া ইত্যাদির জন্য শতকরা ৫ টাকা খরচ পড়িল; ৩ টাকা মণ বিক্রয় করিয়া লাভে আসলে তিনি ১২৭২ টাকা পাইলেন; আসল কত ও লাভ কত এবং কত চাউল খরিদ ও বিক্রয় হইয়াছিল?

১০০ টাকার খরচা = ৫৲
∴ ১ টাকার ,, = ৫৲÷১০০ বা ১৲÷২০
∴ ২॥০ ,, ,, = ২॥০÷২০ বা ৵০
∴ ১/ মণের খরচা = ২॥০ + ৵০ = ২॥৵০
∴ ২॥৵০ খরিদ মূল্য স্থির হইল।
৩ টাকায় ১/ মণ বিক্রয় করা হইল।
∴ ১৲ ,, ১/ মণ÷৩ মণ বিক্রয় করা হইল;
∴ ১২৭২ টাকায় ১২৭২/ মণ÷৩ বা ৪২৪/ মণ বিক্রয় করা হইল।

৪২৪/ মণের পড়তা = ২॥৵০ × ৪২৪ = ১১১৩ টাকা
∴ ১১১৩ টাকা প্রথম উত্তর।
১২৭২৲ − ১১১৩ টাকা বা ১৫৯ টাকা দ্বিতীয় উত্তর।

ইহা হইতে নীচের আর্য্যাটী পাওয়া যায়।

আসল লভ্যের খড়ি শুন বিবরণ।
লাভে মূলে যত পাবে করিবে সাধন॥
আসল-লাভের অঙ্ক যতনে রাখিবে।
বিক্রয়ের দর দিয়া তাহারে হরিবে॥
খরিদের পড়তা দরে করিলে পূরণ।
আসলের অঙ্ক তুমি পাইবে তখন॥

অর্থ। প্রথমে কত আসল টাকা খরচ হইল ও কত মোট পাওয়া গেল তাহা স্থির কর; পরে আসল ও লভ্যের মোট টাকাকে বিক্রয়ের দর দিয়া হরণ করিয়া যাহা হইবে তাহাকে খরিদের পড়তা দর দিয়া পূরণ করিলে আসল পাইবে।

(আসল-লভ্যের অন্য প্রকার অঙ্ক ঐকিক নিয়ম দ্বারা কষিতে হইবে।)

প্রশ্ন। ৭॥০ টাকা মণ দরে ক্রয় করিয়া কত করিয়া মণ বিক্রয় করিলে শতকরা ২০ টাকা লাভ হইবে ?

১০০ টাকার জিনিষের বিক্রয় দর = ১২০৲

১৲ " " " = ১২০৲ ÷ ১০০

= ৬ ÷ ৫

= ১।৶৪

∴ ৭॥০ " " " = ১।৶৪ × ৭॥০

= ৭॥০

১।৵১০

/১০

৯৲ উত্তর।

৪৯ উদাহরণমালা।

১। ২।০ টাকা মণ দরে ক্রয় করিয়া ২॥/০ মণ দরে বিক্রয় করাতে লাভে-মূলে ৪১০ টাকা পাইল। আসল কত ও জিনিষ কত ?

২। ২৲ টাকা মণ দরে ক্রয় করিয়া ২।০ মণ দরে বিক্রয় করাতে লাভেমূলে ৭৮৭॥০ পাইল। আসল কত ও জিনিষ কত ?

৩। ১।/০ মণ দরে ক্রয় করিয়া ১॥/০ মণ দরে বিক্রয় করাতে লাভেমূলে ১৫৬২॥০ পাইল। আসল কত ও জিনিষ কত ?

৪। ২।৶০ মণ দরে ক্রয় করিয়া ২॥৵০ মণ দরে বিক্রয় করাতে লাভেমূলে ২১০০ টাকা পাইল। আসল কত ?

৫। ২॥৶০ মণ দরে ক্রয় করিয়া ৩।৵০ মণ দরে বিক্রয় করাতে ৫৫৲ লাভ পাইল। আসল কত ও জিনিষ কত ?

৬। ৩।/০ মণ দরে ক্রয় করিয়া কত দরে বিক্রয় করিলে ১২০/ মণ জিনিষে ৫২॥০ লাভ হইবে ?

৭। ৩।৶০ মণ বিক্রয় করাতে শতকরা ১০ টাকা লাভ হইল ; ৩৸৵১০ মণ দরে বিক্রয় করিলে শতকরা কত লাভ হইবে ?

৮। একজন দোকানদার ৩।০ মণ দরে ১০/ মণ চাউল ক্রয় করিয়া ৪/ মণ ৩।৶১০ দরে ও ৬/ মণ ৩।৵০ দরে বিক্রয় করিল ; তাহার শতকরা কত লাভ হইল ?

৯। একজন দোকানদার ১২ টাকা মণ দরে ১৬/ মণ চিনি খরিদ করিয়া ১২/ মণ ১৪॥০ দরে বিক্রয় করিল ; অবশিষ্ট চিনি কত দরে বিক্রয় করিলে তাহার মোটের উপর শতকরা ২৫ টাকা লাভ হইবে ?

১০। একটী ঘোড়া ৪০০ টাকায় বিক্রয় করাতে শতকরা ২০ টাকা লোকসান হইল; কত টাকায় বিক্রয় করিলে শতকরা ১০ টাকা লাভ হইতে পারিত?

বখরা।

১ম প্রশ্ন। রামচরণ ১৫০০ টাকা ও আনন্দচন্দ্র ২৫০০ টাকা মূলধন লইয়া দুইজনে বখরায় ব্যবসা আরম্ভ করিল; এবং তাহাদের ব্যবসাতে ১২০০ টাকা লাভ হইল; লাভের অংশ কে কত পাইবে?

সম্পূর্ণ মূলধন = ১৫০০৲ + ২৫০০৲ = ৪০০০৲
৪০০০ টাকার লাভ = ১২০০৲
১৲ ,, ,, = ১২০০৲ ÷ ৪০০০৲
= ৩৲ ÷ ১০৲
১৫০০৲ ,, ,, = (৩৲ ÷ ১০) × ১৫০০৲
= ৪৫০০৲ ÷ ১০
= ৪৫০৲ রামচরণের অংশ;
১২০০৲ − ৪৫০৲ = ৭৫০৲ আনন্দচন্দ্রের অংশ।

ইহা হইতে নীচের আর্য্যাটী পাওয়া যায়।

বখরার কথা বলি শুন শিশু ভাই।
আসলের অঙ্ক সব কর এক ঠাঁই॥
মোট টাকা দিয়া লাভ করিবে বিভাগ।
যার টাকায় পুরিবে পাবে তার ভাগ॥

অর্থ। সকলের মূলধন একত্র করিয়া তাহা দিয়া মোট লাভকে হরণ করিবে; ফলকে যাহার টাকা দিয়া পূরণ করিবে তাহার লাভ পাইবে।

২য় প্রশ্ন। যদুনাথ ও কৃষ্ণকমল একত্রে ব্যবসা করিল; যদুর ৪০০০ টাকা ৭ মাসের জন্য এবং কৃষ্ণের ৩০০০ টাকা ৪ মাসের জন্য খাটিল; তাহাদের মোট ৮০০ টাকা লাভ হইল, লাভের অংশ কে কত পাইবে?

৪০০০ টাকা ৭ মাসের জন্য খাটিলে যত লাভ হইতে পারে ৪০০০ × ৭ বা ২৮০০০ টাকা এক মাস খাটিলেও সেই লাভ হইতে পারে।

এইরূপ ৩০০০ টাকা ৪ মাস খাটিলে যে লাভ হইতে পারে ৩০০০ × ৪ বা ১২০০০ টাকা এক মাস খাটিলেও সেই লাভ হইতে পারে।

২৮০০০, + ১২০০০, = ৪০০০০,

৮০০, ÷ ৪০০০০, = ১, + ৫০,

যদুর লাভ = (১, ÷ ৫০,) × ২৮০০০,

= ৫৬০,

কৃষ্ণের লাভ = ৮০০, − ৫৬০, = ২৪০,

৫০ উদাহরণমালা।

১। ক ও খ ব্যবসাতে ১৯৬০ টাকা লাভ করিল; ক ৬০০০ টাকা ও খ ৮০০০ টাকা মূলধন দিয়াছিল: লাভের অংশ কে কত পাইবে?

২। ক, খ ও গ তিন জনে একত্রে কারবার করিতে লাগিল এবং তাহারা যথাক্রমে ১৮৮০ টাকা, ১১২০ টাকা এবং ১০০০ টাকা মূলধন দিয়াছিল। তাহাদের কারবারে ৬০০ টাকা লাভ হইল; লাভের অংশ কে কত পাইবে?

৩। ক ১৮৬৫ টাকা, খ ৯৭৫ টাকা ও গ ৭৬০ টাকা মূলধন লইয়া তিন জনে একত্রে ব্যবসা করিতে লাগিল; তাহাদের ব্যবসাতে ৯০০ টাকা লোকসান্ হইল; লোকসানের অংশ কে কত দিবে?

৪। কোন ব্যবসাতে ক, খ, গ ও ঘ চারি জনে যথাক্রমে ৵১০, ৶১০, ।০ ও ।৵০ রকমের অংশীদার ছিল; তাহাদের ব্যবসাতে ২৩৪০ টাকা লাভ হইলে লাভের অংশ কে কত পাইবে?

৫। একজন দেউলিয়ার নিকট হইতে রামচন্দ্র সাহা ৫০০০ টাকা, হরেকৃষ্ণ দাস ৭০০০ টাকা ও ভোলানাথ পাল ৮০০০ টাকা পাইতেন; দেউলিয়ার ৫০০০ টাকার সম্পত্তি আছে। তিন জন মহাজন এই সম্পত্তি ভাগ করিয়া লইলে কে কত পাইবে?

৬। নন্দলাল পাল ও অমৃতলাল ঘোষ ইহারা দুই জনে একত্রে ব্যবসা করিল, কিন্তু নন্দলালের ৩০০ টাকা মূলধন ১০ মাসের জন্য ও অমৃতলালের মূলধন ৫০০ টাকা ৯ মাসের জন্য খাটিল; মোট ৬৪০ টাকা লাভ হইলে লাভের অংশ কে কত পাইবে?

৭। ক, খ ও গ তিন জনে একটী মাঠ ৬৭॥০তে জমা করিয়া লইল; ক'এর ১০টী বলদ ৯ মাস, খ'এর ১৬টী বলদ ১০ মাস এবং গ'এর ৩৬টী বলদ ৬॥ মাস মাঠে চরিল; খাজানার অংশ কে কত দিবে?

৮। ক, খ ও গ তিন জনে একত্রে ব্যবসা করিল; ক'এর ৩০০ টাকা মূলধন ৫ মাস, খ'এর ৪০০ টাকা মূলধন ৪ মাস এবং গ'এর ৬০০ টাকা মূলধন ৩ মাস খাটিল এবং তাহাদের মোট ৯৮ টাকা লাভ হইল; লাভের অংশ কে কত পাইবে?

মাথট।

প্রজাদের নিকট হইতে খাজানা ব্যতীত কখন কখন যে টাকা চাঁদা করিয়া আদায় করা হয় তাহাকে মাথট কহে; যে যত খাজানা দেয় সেই হিসাবে মাথট আদায় করা হয়, অর্থাৎ যদি একজন প্রজা ১০ টাকা ও অপর একজন ২০ টাকা খাজানা দেয়, তবে প্রথম ব্যক্তির নিকট হইতে যত মাথট লওয়া হইবে দ্বিতীয় ব্যক্তির নিকট হইতে তাহার দ্বিগুণ লওয়া হইবে।

প্রশ্ন। যে গ্রাম হইতে ৮০০ টাকা আদায় হয় তাহা হইতে ৩১।০ টাকা চাঁদা আদায় করিতে হইলে টাকা প্রতি কত আদায় করিতে হইবে?

৮০০ টাকা আদায়ের উপর মাথট = ৩১।০

∴ ১ টাকা আদায়ের উপর মাথট = ৩১।০ ÷ ৮০০

= ৩১।০ ÷ ৮০০ × ১৬ × ২০ গণ্ডা

= ৩১।০ ÷ ২॥০ গণ্ডা

= ১২॥০ গণ্ডা = ৴১২॥

এই স্থলে ৮০০কে গণ্ডা ধরিলে ৮০০ গণ্ডা = ২॥০ হইল।

৩১।০কে ২॥০ দিয়া ভাগ করিলে ১২॥০ হইল ও ১২॥০কে গণ্ডা ধরিলে ৴১২॥ হইল; অতএব আদায়ের টাকা প্রতি ৴১২॥ মাথট আদায় করিতে হইবে।

ইহা হইতে নীচের আর্য্যাটী পাওয়া যায়।

আদায়ের যত তঙ্কা গণ্ডা তত ধর।
তাহা দিয়া মাথটের অঙ্ক বুঝে হর॥
হরিলে যতেক তঙ্কা হইবে নির্ণয়।
তঙ্কা প্রতি তত গণ্ডা শুভঙ্কর কয়॥

৫১ উদাহরণমালা।

১। ১২৬০ টাকার গ্রাম হইতে ২৩॥৵০ মাথট আদায় করিলে টাকা প্রতি কত পড়িবে?

২। ২৩২০ টাকার গ্রামে ৭২॥০ মাথট বসাইলে টাকা প্রতি কত বসাইতে হইবে?

৩। ৩০০০ টাকার গ্রামে ১১৭৶০ মাথট আদায় হইলে টাকা প্রতি কত হইবে ?

৪। ২৫০০ টাকার গ্রামে ৪৮৸/৫ মাথট আদায় হইলে টাকা প্রতি কত হইবে ?

৫। ১০০০ টাকার গ্রামে ৩৯/০ মাথট আদায় হইলে টাকা প্রতি কত পড়িবে ?

৬। ২০০০ টাকার গ্রামে ৯৩৸০ মাথট আদায় হইলে টাকা প্রতি কত পড়ে ?

৭। ৪৫০০টাকার গ্রামে ১১২॥০ মাথট আদায় হইলে টাকা প্রতি কত পড়ে ?

৮। ৫০০০টাকার গ্রামে ১০১॥/০ মাথট বসাইলে টাকা প্রতি কত পড়িবে ?

স্থিত পঞ্চক।

প্রশ্ন। প্রতি টাকায় ৴২॥ করিয়া সাধিয়া কোন জমিদারি হইতে ২০০টাকা পাইলাম ; কত টাকার জমিদারি ?

এই স্থলে ২০০ টাকাকে ৴২॥ দিয়া হরণ করিতে হইবে।

২০০ ÷ ৴২॥ = ২০০ × ১৬ × ২০ ÷ ২॥
= ২০০ × ১৬ × ৮
= ২৫৬০০ উত্তর।

৫২ উদাহরণমালা।

১। ৬।৩ টাকায় ৴১ করিয়া সাধিয়া কোন তালুক হইতে ২৫॥৵০ পাইলাম ; কত টাকার তালুক ?

২। প্রতি টাকায় ৴২॥ করিয়া সাধিয়া কোন জমিদারি হইতে ১২০ টাকা পাইলাম ; কত টাকার জমিদারি ?

৩। প্রতি মণে ৵০ করিয়া কমিলে কত মণে ২।১ কমিবে ?

৪। প্রতি মণে ৶০ করিয়া কমিলে কত মণে ৩।৫॥/০ কমিবে ?

৫। প্রতি বিঘায় /০ ছটাক করিয়া বেশী হইলে কত বিঘায় ৩/২॥ জমি বেশী হইবে ?

৬। প্রতি ভরি সোণায় /৩ এক আনা তিন রতি খাদ থাকিলে যে সোণার টুকরায় ৫॥৵০ খাদ আছে তাহার ওজন কত ?

৭। খাঁটি সোণার দাম যদি ২৯॥০ হয় তবে যে সোণার টুকরার ভরি প্রতি /২ এক আনা দুই রতি করিয়া খাদের হিসাবে ৩॥০ খাদ আছে সেই টুকরার কত দাম হওয়া উচিত ?

মাল সায়েরি।

জলকর ও ঘাসকর জমিকে এবং ঘাট, হাট বা বাজার যে জমিতে থাকে তাহাকে সায়ের বলে। দেবোত্তর, ব্রহ্মোত্তর, চাকরাণ প্রভৃতি জমিকে লাখেরাজ কহে। যে জমি সায়ের বা লাখেরাজ নহে তাহাকে মাল বলে।

প্রশ্ন। কোন গ্রামে ৸০ রকম মালের জমা, ।০ রকম সায়েরের জমা। মালের জমার টাকা প্রতি ৎ১০ ও সায়েরের জমার টাকা প্রতি ৎ২ সাধিয়া ৪০ টাকা পাওয়া গেল, মালের জমা কত ও সায়েরের জমা কত ? প্রত্যেক রকম হইতে সাধুনিই বা কত ?

মোট জমার টাকা প্রতি মালের সাধুনি = ৸০ × ৎ১০ = ৎ৭॥
" " " " সায়েরের " = ।০ × ৎ২ = ৎ॥
∴ মোট জমার টাকা প্রতি সাধুনি = ৎ৭॥ + ৎ॥ = ৎ৮
অতএব ৎ৮ গণ্ডা সাধুনি হইলে মোট জমা = ১৲
∴ ৎ১ " " " " " = ১৲ ÷ ৮
কিন্তু ৪০৲ = ৪০ × ১৬ × ২০ গণ্ডা = ১২৮০০ গণ্ডা
∴ ৪০৲ বা ১২৮০০ গণ্ডা সাধুনি হইলে মোট জমা = ১২৮০০৲ ÷ ৮
= ১৬০০৲

মালের জমা = মোটের ৸০ রকম = ১৬০০৲ × ৸০ = ১২০০৲
সায়েরের জমা = মোটের ।০ রকম = ১৬০০৲ × ।০ = ৪০০৲ } ১ম উত্তর।

মালের সাধুনি = ১২০০৲ × ৎ১০ = ৩৭॥০
সায়েরের " = ৪০০৲ × ৎ২ = ২॥০ } ২য় উত্তর।

ইহা হইতে নীচের আর্য্যাটী পাওয়া যায়।

মাল সায়েরির কথা শুন শিশুগণ।
তঙ্কা প্রতি সাধুনির করিবে গণন॥
তাহা দিয়া মোট টাকা করিবে হরণ।
মোট জমা কত হবে পাইবে তখন॥

অর্থ। টাকা প্রতি মোট সাধুনি কত তাহা স্থির করিয়া যে ফল হইবে তাহা দিয়া মোট সাধুনি হরণ করিলে মোট জমা পাইবে।

মোট জমা স্থির হইবার পর বখরার সঙ্কেত খাটাও।

৫৩ উদাহরণমালা।

১। কোন গ্রামের ॥৵০ রকম মালের জমা ও ।৵০ রকম সায়েরের জমা; মালের জমার টাকা প্রতি ৫১২ গণ্ডা ও সায়েরের জমার টাকা প্রতি ৫৪ গণ্ডা সাধিয়া ৯০ টাকা পাইলাম; মালের জমা কত, সায়েরের জমা কত ও প্রত্যেক রকমের সাধুনিই বা কত ?

২। কোন গ্রামের ॥৶০ রকম মালের জমা ও ।/০ রকম সায়েরের জমা; মালের জমার টাকা প্রতি ৫১০ ও সায়েরের জমার টাকা প্রতি ৫৬ গণ্ডা সাধিয়া ১০৫ টাকা পাইলাম; মালের জমা কত, সায়েরের জমা কত ও প্রত্যেক রকমের সাধুনিই বা কত ?

৩। কোন গ্রামের ॥৵০ রকম মালের জমা, ।/০ রকম সায়েরের জমা ও /০ রকম বাজে আদায়; মালের জমার টাকা প্রতি ৫৭॥, সায়েরের জমার টাকা প্রতি ৫৫ ও বাজে আদায়ের টাকা প্রতি ৫৪ সাধিয়া ১৩৫ টাকা পাইলাম; প্রত্যেক রকমের জমা কত ও সাধুনি কত ?

সমান আনামাসা।

কোন রাশিকে তাহাই দিয়া গুণ করিলে যে ফল হয় তাহাকে বর্গ বা নিজগুণ বলে; ৪ × ৪ = ১৬, অতএব ৪এর বর্গ = ১৬।

কোন নির্দ্দিষ্ট রাশির বর্গমূল বা সমান আনামাসা বলিলে বুঝিতে হইবে যে সেই মূলের নিজগুণ লইলে নির্দ্দিষ্ট রাশির সমান হইবে। কোন রাশির পূর্ব্বে √ এই চিহ্ন বসাইলে সেই রাশির বর্গমূল বুঝাইবে।

১০০এর বর্গমূল ১০, ১০০০০এর বর্গমূল ১০০, ১০০০০০০এর বর্গমূল ১০০০, ইত্যাদি; অতএব ইহা হইতে বুঝা যাইতেছে যে ১০০ অপেক্ষা কম রাশির বর্গমূল একটী গোটা অঙ্ক বিশিষ্ট, ১০০ হইতে ১০০০০ পর্য্যন্ত রাশির বর্গমূল দুইটী গোটা অঙ্ক বিশিষ্ট, এবং ১০০০০ হইতে ১০০০০০০ পর্য্যন্ত রাশির বর্গমূল তিনটী গোটা অঙ্কবিশিষ্ট রাশি হইবে। অতএব ডানি দিক হইতে আরম্ভ করিয়া যদি দুইটী দুইটী অঙ্ক ফাক ফাক করিয়া রাখা হয় তবে যত জোড়া অঙ্ক রাখা হইল বর্গমূলে ততটী পূর্ণ অঙ্ক হইবে।

১ম প্রশ্ন। ৫৬২৫এর সমান আনামাসা স্থির কর।

```
  ৫৬  ২৫( ৭৫
  ৪৯
 ---------
১৪৫) ৭২৫
     ৭২৫
     ---
```

প্রথমে বাম দিকের প্রথম অংশ ৫৬র বর্গমূল বাহির কর। ৪৯এর বর্গমূল ৭ ও ৬৪র বর্গমূল ৮, অতএব ৭ খাওয়াইতে হইবে; ৭ বর্গমূলের প্রথম অঙ্ক হইবে। ৭ × ৭ = ৪৯ ; ৫৬ হইতে ৪৯ বাদ দিলে বাকি ৭ থাকিল। ৭এর গায়ে ২৫ লাগাইলে ৭২৫ হইল। মূলের যে অঙ্ক পাওয়া হইয়াছে তাহাকে দ্বিগুণ করিলে ১৪ হয়; ৭২৫এর ৭২কে ১৪ দিয়া ভাগ করিলে দেখা যায় যে ৫ খাইবে; ১৪র গায়ে ৫ বসাও ও ১৪৫ দিয়া ৭২৫কে ভাগ দাও; ভাগফল ৫ বর্গমূলের দ্বিতীয় অঙ্ক হইল, বাকি কিছুই থাকিল না। অতএব ৭৫ উত্তর স্থির হইল।

২য় প্রশ্ন। ২৮৸৵৫র সমান আনামাসা কত?

```
        ২৮৸৵৫( ৫।৵০
        ২৫
        -------
         ৩৸৵৫
১০।৵ × ।৵ = ৩৸৵৫
        -------
```

এই স্থলে প্রথমে ৫ খাওয়াও; ৫ × ৫ = ২৫; ২৮ হইতে ২৫ বাদ দিলে বাকি ৩ রহিল, ও ৸৵৫ নামাইলে ৩৸৵৫ হইল। ৫ এর দ্বিগুণ ১০; ৩৸৵৫কে ১০ দিয়া ভাগ করিলে ।৵০ খাওয়াইতে পারা যায়। ।৵০কে ১০ এর পর এবং ৫ এরও পরে বসাও। ১০।৵০ × ।৵০ = ৩৸৵৫; ইহা ৩৸৵৫ হইতে অন্তর করিলে কিছুই বাকি রহিল না। অতএব ৫।৵০ উত্তর স্থির হইল।

এই স্থলে ৫।৵০ দ্বারা বুঝিতে হইবে যে, ৫ যে বস্তুর ৫টী, ।৵০ তাহারই ১৬ ভাগের ৬ ভাগ।

পাতনের নিয়ম। ডানি দিক হইতে আরম্ভ করিয়া যোড়া যোড়া অঙ্ক তফাৎ তফাৎ করিয়া রাখ ও যদি অঙ্কসংখ্যা বিযোড় হয় তবে বাম দিকে যোড়া অঙ্কের ঘর না হইয়া একটী অঙ্কের একটী ঘর হইবে, এবং আনা, গণ্ডা কড়া ইত্যাদি থাকিলে তাহাও কিছু দূরে রাখ।

নিয়ম। যে রাশি বাম দিকের ঘরে আছে, তাহার যত বড় হইতে পারে এমত বর্গমূল স্থির কর, তাহাই বর্গমূলের প্রথম অঙ্ক হইবে; সেইটীকে হরণের ন্যায় ডানিদিকে রাখ ও তাহার নিজ গুণকে বাম দিকের অঙ্ক হইতে বাদ দাও। যাহা বাকি থাকিবে তাহার গায়ে দ্বিতীয় ঘরের অঙ্ক দুইটী নামাও। এইরূপে যে রাশিটী হইবে তাহাকে হার্য্য মনে কর ও এই হার্য্যের শেষ অঙ্কটী বাদ দিয়া তাহাকে পূর্ব্বে বর্গমূলের যে অংশ পাওয়া হইয়াছে তাহার দ্বিগুণ দিয়া ভাগ কর এবং ভাগফলকে সেই মূলের ডানিদিকে এবং হারকের ও ডানিদিকে বসাও; পরে সেই হারককে বর্গমূলের যে অংশ সর্ব্বশেষে পাওয়া গেল তাহা দিয়া গুণ কর এবং গুণফলকে হার্য্য হইতে

বাদ দাও। অন্যান্য ঘরের অঙ্কগুলি যোড়া যোড়া নামাইয়া পূর্ব্বের মত অঙ্ক কষ।

৩য় প্রশ্ন। যত টাকার গ্রাম তত কড়া করিয়া সাধিয়া ৩১।০ পাইলাম ; গ্রাম কত টাকার ?

মনে কর ক টাকার গ্রাম ছিল।

ক টাকা × ক কড়া = ৩১।০

∴ ক টাকা × ক গণ্ডা = ১২৫৲

∴ ক টাকা × ক আনা = ২৫০০৲

∴ ক টাকা × ক টাকা = ৪০০০০৲

∴ ক টাকা = √(৪০০০০৲)

= ২০০ টাকা উত্তর।

৫৪ উদাহরণমালা।

নিম্নলিখিত সংখ্যাগুলির বর্গমূল নির্ণয় কর।

১। ১৬৯ ; ৬২৫ ; ১০২৪ ; ১২২৫ ; ২৯১৬।

২। ৫৯০৪৯ ; ৫৩১৪৪১ ; ৫৮৫৬৪ ; ৪৯০৮৪০৩৬।

৩। ২।০ ; ৬।০ ; ১২।০ ; ২০।০ ; ৩০।০ ; ৪২।০

৪। ৷৷/০ ; ১৷৷/০ ; ৩/০ ; ৫/০ ; ৭৷৷/০ ; ১০৷৷/০

৫। ১।৫ ; ১৸৵৫ ; ২৷৷৵৫ ; ৩৷৷৫ ; ৯৸৫ ; ১৫৻৫

৬। ৩৯/০ ; ৯০।০ ; ১০৫৬।০ ; ১৫২৫২।০

৭। যত টাকার গ্রাম তত কড়া করিয়া সাধিয়া ১২৫ টাকা পাওয়া গিয়াছে ; গ্রাম কত টাকার ?

৮। যত টাকার গ্রাম তত কড়া করিয়া সাধিয়া ২৮১।০ পাওয়া গিয়াছে ; গ্রাম কত টাকার ?

কুঠীর ও বাজার ওজন।

কুঠীর ওজনের ১১/ মণ = বাজার ওজনের ১০/ মণ।

∴ কুঠীর ওজনের ১/ মণ = বাজার ওজনের ১০/÷১১

এবং বাজার ওজনের ১/ মণ = কুঠীর ওজনের ১১/÷১০ বা ১/৪

(বাজার ওজনকে কুঠীর ওজনে আনিবার নিয়ম)

বাজার ওজনে তুমি যত দ্রব্য লবে।
দশম ভাগের ভাগ তাহাতে যুড়িবে ॥

অর্থ। বাজার ওজনে যত মণ দ্রব্য ক্রয় করিবে তাহাকে দশ দিয়া ভাগ করিয়া যাহা হইবে তাহা বাজার ওজনে যোগ করিলে কুঠীর ওজন পাওয়া যাইবে।

প্রশ্ন। ২৫/ মণ বাজার ওজনে কুঠীর কত হইবে ?

২৫/ মণ÷১০=২॥০

কুঠীর ওজন=২৫/+২॥০=২৭॥০ মণ, উত্তর।

(কুঠীর ওজনকে বাজার ওজনে আনিবার নিয়ম)

কুঠীর ওজনে তুমি যত দ্রব্য লবে।
এগার ভাগের ভাগ দশ গুণ হবে ॥

অর্থ। কুঠীর ওজনে যত মণ দ্রব্য হইবে তাহাকে ১১ দিয়া ভাগ করিয়া তাহার দশ ভাগ লইলেই বাজার ওজন পাইবে।

প্রশ্ন। কুঠীর ওজনে মণ ২৩।৫এ বাজার ওজনের কত হইবে ?

২৩।৫÷১১=২/৫

২/৫×১০=২১।০ উত্তর।

৫৫ উদাহরণমালা।

১। বাজার ওজনের ৩/৫এ কুঠীর ওজনের কত হইবে ?

২। বাজার ওজনের ৪॥৫ এ কুঠীর ওজনের কত হইবে ?

৩। বাজার ওজনের ৮৸৫এ কুঠীর ওজনের কত হইবে ?

৪। কুঠীর ওজনের ৩।৭এ বাজার ওজনের কত হইবে ?

৫। কুঠীর ওজনের ৮৸২এ বাজার ওজনের কত হইবে ?

৬। কুঠীর ওজনের ১২৸৭এ বাজার ওজনের কত হইবে ?

—০—

বদল বা বিলাতি হুণ্ডি।

২২ পৃষ্ঠায় ইংরাজী মুদ্রাবিভাগ দেখ। ৪ ফার্দিঙে ১ পেনি হয়, এইহেতু ১ ফার্দিঙ ১ পেনির চারি ভাগের ১ ভাগ, অতএব ১ ফার্দিঙকে ।/ সিকি পেনি ধরিতে পারা যায়; এইরূপ ২ফার্দিঙকে ।৵ আধ পেনি ও ৩ ফার্দিঙকে ৷৵ পোন পেনি ধরিতে পারা যায়। (ইংরাজী ভাষায় পেনি শব্দের বহুবচন পেন্স)।

১ম প্রশ্ন। লণ্ডন হইতে কিছু মাল আনাইবার জন্য কলিকাতার একজন ব্যবসাদারকে টাকা প্রতি ১ শিলিঙ ১১। পেন্স দরে ১২৪০ পাউণ্ডের হুণ্ডি দিতে হইল। তাঁহার কত টাকা লাগিল?

১ শিলিঙ ১১। পেন্স = ২৩। পেন্স = ৯৩ ফার্দিঙ।

অতএব ৯৩ ফার্দিঙ = ১ টাকা

∴ ৯৩ পেন্স = ৪ „

∴ ৯৩ শিলিঙ = ৪৮ „

∴ ৯৩ পাউণ্ড = ৯৬০ „

∴ ১ পাউণ্ড = ৯৬০ ÷ ৯৩ „

∴ ১২৪০ পাউণ্ড = (৯৬০ ÷ ৯৩) × ১২৪০

= ৩২০ × ৩ × ৩১ × ৪০ ÷ (৩ × ৩১)

= ৩২০ × ৪০

= ১২৮০০ টাকা।

২য় প্রশ্ন। কোন সওদাগর টাকা প্রতি ১ শিলিঙ ১০॥ পেন্স দরে কলিকাতা হইতে লণ্ডনে তাঁহার কর্ম্মচারীর নিকট ৬৪০০০ টাকা পাঠাইলেন; লণ্ডনের কর্ম্মচারী সেখানকার কত মুদ্রা পাইবেন?

১ টাকা = ১ শিলিঙ ১০॥ পেন্স

∴ ৬৪০০০ টাকা = (১ শিলিঙ ১০॥ পেন্স) × ৬৪০০০

= ৩২০০ পাউণ্ড	১ শিলিঙের জন্য
১৬০০ „	৬ পেন্সের জন্য
৮০০ „	৩ পেন্সের জন্য
৪০০ „	১॥ পেন্সের জন্য
= ৬০০০ পাউণ্ড উত্তর।	

৫৬ উদাহরণমালা।

১। ২ শিলিঙ ১ টাকার সমান হইলে ৭২৫০ পাউণ্ড কত টাকার সমান ?

২। টাকা প্রতি ১ শিলিঙ ১০॥ পেন্স দরে ৬৬৪০ টাকায় কত পাউণ্ড পাওয়া যাইবে ?

৩। প্রতি পাউণ্ডের দর ১০॥০ টাকা হইলে ৩৪৫ পাউণ্ড ১০ শিলিঙের দাম কত টাকা ?

৪। কলিকাতার একজন সওদাগর বিলাত হইতে কিছু দ্রব্য আনাইয়াছিলেন বলিয়া তাঁহার উপর ৪৫৬১ পাউণ্ডের একখানি বিল হইয়াছে ; টাকা প্রতি ১ শিলিঙ ১০॥ পেন্স দিতে হইলে তাঁহাকে কত টাকা দিতে হইবে ?

৫। যদি টাকা ২৴০র বদলে মার্কিন দেশের ১ ডলার ও ১ টাকার বদলে ১ শিলিঙ ১০ পেন্স পাওয়া যায় তবে ৬৪টী ডলারের বদলে কত পাউণ্ড, কত শিলিঙ পাওয়া যাইবে ?

৬। লণ্ডনের ১ পাউণ্ড কলিকাতার ১০ টাকার সমান এবং আমষ্টার্ডামের ১২ ফ্লোরিণ লণ্ডনের ১ পাউণ্ডের সমান এবং আমষ্টার্ডামের ২৸ পৌনে তিন ফ্লোরিণ মার্কিন দেশের ১ ডলারের সমান। কলিকাতার কোন ব্যবসাদারকে মার্কিন্ দেশের একজন সওদাগরের নিকট ৪০০০ ডলার পাঠাইতে হইলে কত টাকা দিতে হইবে ?

উত্তরমালা।

১ উদাহরণমালা। (২৯ পৃঃ)

১। ৬৩৮। ২। ৪২০। ৩। ৮০৭। ৪। ৫৩১৫।
৫। ৯৫০৭। ৬। ২০২৪৫। ৭। ৫০৭১৪। ৮। ৫৭৩৬৫।
৯। ৪১৮০৫। ১০। ৫৮০৪২। ১১। ৭০০০৮। ১২। ৩৫৫৮৩৯।
১৩। ৭৪৬৫১৮। ১৪। ৮৪০৩৩০। ১৫। ১২০৩৫০৯। ১৬। ২২০৭০৬৯।
১৭। ৩০৪০৭৭০। ১৮। ৪০৭৬০৮২। ১৯। ৮৭০৯৩০৬। ২০। ৭৬০০৯০৬।
২১। ৩৫৩০০৫১৮। ২২। ১৫০০৮৬৩৯৮। ২৩। ৭০০৭০৩০৯৭।
২৪। ৭৪৫২০০৩৬৯। ২৫। ৯৯১৭০৮০১৮। ২৬। তিন শত তেতাল্লিশ।
২৭। পাঁচশত চারি। ২৮। ছয় শত ত্রিশ। ২৯। এক হাজার পাঁচ শত তিন।
৩০। দুই হাজার চারি। ৩১। সাত হাজার নয়।
৩২। আট হাজার কুড়ি। ৩৩। ছয় হাজার এক শত।
৩৪। তিন হাজার দশ। ৩৫। চৌদ্দ হাজার তিন শত পঁচিশ।
৩৬। পঁচিশ হাজার ষোল। ৩৭। আশি হাজার সাত শত দুই।
৩৮। বিরনব্বই হাজার কুড়ি। ৩৯। পাঁচ লক্ষ ত্রিশ হাজার দুই শত পাঁচ।
৪০। পাঁচ লক্ষ দুই হাজার চৌত্রিশ। ৪১। পাঁচ লক্ষ ষাটি হাজার দুই শত চারি।
৪২। আট লক্ষ দুই হাজার তিরনব্বই। ৪৩। চারি লক্ষ দুই শত তিন।
৪৪। পঞ্চাশ লক্ষ দুই হাজার ত্রিশ। ৪৫। ত্রিশ লক্ষ চারি হাজার কুড়ি।
৪৬। পঁয়ত্রিশ লক্ষ কুড়ি।
৪৭। তিন কোটী দুই লক্ষ চারি হাজার পাঁচ শত দুই।
৪৮। সাত কোটি কুড়ি লক্ষ ত্রিশ হাজার চারি শত পঞ্চাশ।
৪৯। নয় কোটি কুড়ি লক্ষ তিন হাজার দুই।
৫০। ষাটি কোটি চারি লক্ষ পাঁচ শত দুই।

২ উদাহরণমালা। (৩১ পৃঃ)

১। ১১৬। ২। ২০৬। ৩। ২৩৩। ৪। ৩১৪। ৫। ২০৪৩।
৬। ১৮৭৫। ৭। ২৩৫৫। ৮। ২৬০৯। ৯। ২০০২৭। ১০। ২৬০৫৭।
১১। ২৭৯১২। ১২। ২৪৬৪৪। ১৩। ২৭৮৬৭৪। ১৪। ১০৪৮১৯২।
১৫। ৪৯৮৬৩৫। ১৬। ৮৬৮৮৫৪। ১৭। ৬২৭৯৯৪৭। ১৮। ৩৫১৩০৪৩।
১৯। ২৮৪৩। ২০। ২১৭৫৪। ২১। ২৬১৫০। ২২। ১৯৬২৫৪।
২৩। ২২৬২০৮৫। ২৪। ৪০৫০০৭৮। ২৫। ৮২১১৩১১।
২৬। ১৩৩৩৫৯৫৯। ২৭। ৪৯৮৮২৩৯। ২৮। ১৬৮৪২৯৪৮।
২৯। ২২৫৭৮৪২২। ৩০। ৪৫১৮৫৯২৪৯।

৩ উদাহরণমালা। (৩৩ পৃঃ)

১। ১৬২। ২। ৫৪২। ৩। ৩৫১। ৪। ৬৩৩। ৫। ৫৩০।
৬। ৭৬৬। ৭। ৪৩৮। ৮। ৬৪৯। ৯। ৭৬৬১। ১০। ৬৬৬২।
১১। ৭১২৫। ১২। ৫৭০৭। ১৩। ৮৫৬৯৭। ১৪। ৪৫৬৯৯৯৯।
১৫। ৭৭১৪৯০৫। ১৬। ৩৯৯৯৬৩৮৫। ১৭। ২৫০০২৬৮৯।
১৮। ২৯৯৭০০০। ১৯। ৫৪০০০০০০। ২০। ১০৩১২৭১০।

৪ উদাহরণমালা। (৩৪ পৃঃ)

১। ৪০৴ ; ‹১০ ; ৬/০ ; /৯ ; ১৬/০ ; ৸২ ২। ৩৸১৫ ; ৬‹১৫
৩। ২৬৸৲ ; ৮/৩ ৪। ৩৷৪ ; ৫৸৪ ৫। ১২৷২ ; ১৩/৩
৬। ৭৷৵১২৸— ৭। ৫০৸৶২৸৵ ৮। ২১৷১৪৷/১৮
৯। ১০০৵৩৵১৫/৩৷৶ ১০। ১১৸৩৸/০ ১১। ২৪/৫৶৫
১২। ৩৩৷২৸১ ১৩। ৩৷৩৷ ১৪। ১৭/৩৷৵৹ ১৫। ৪৷২৸৵০

৫ উদাহরণমালা। (৩৬ পৃঃ)

১। টা. ৩১/৬৷ ২। টা. ৩৬৸১ ৩। ১০০৴‹৷ ৪। টা. ১৪৮৸৶১২
৫। টা. ১৪৭৸৶৮৷ ৬। টা. ২৩০৷/৯৷ ৭। কাহন ১৪৫৸/১৩৷
৮। টা. ১৮০৸৵১২৷ ৯। ১৭৫‹৬৷ ১০। ২১৫৬৷৶১৪৷ ১১। টা. ১৮৭‹৩৷
১২। টা. ২৭৫/১৬৷ ১৩। টা. ২২০৮৵১৭৷ ১৪। টা. ২৮৮৬৷/১১৷
১৫। কাহন ২১৫৶০৷ ১৬। কা. ৩২৮০৷/১৷ ১৭। টা. ২৬২১৵১৩৷
১৮। টা. ২৯৯৯৸৶১৯৸ ১৯। টা. ১৯৮০ টাকা ২০। কাহন ২০১০

৬ উদাহরণমালা। (৩৮ পৃঃ)

১। ১১৷৵৫৷ ২। ১১৶২৷ ৩। ২০৵১৮ ৪। ৯৭৸৵১৯৷
৫। ৫১‹১৬৸ ৬। ৩৭৸৵০৷ ৭। ২৯৯৷১৯৷ ৮। ২২১৷১৪৷
৯। ২২৩৷৫ ১০। ২২৸৶৭৸ ১১। ১৩৬৷৵৫ ১২। ৪৫৷/৪৷
১৩। ৫৯৭‹৮৷ ১৪। ৩৫৯৷৵৬ ১৫। ৫৪৩৷/২৷ ১৬। ৬৮৸৵৭৷
১৭। ৪৬৮৷৵৮৷ ১৮। ৫১২৴ ১৯। ১৪০৷৵০ ২০। ৩৪৩৸১০

৭ উদাহরণমালা। (৩৯ পৃঃ)

১। মণ ৫৷৭৸৶০ ২। ১২৷৩৶০ ৩। ১৭৸৩৷৶০ ৪। ১৩৷৫৸/০
৫। ৪৬৷৪৶০ ৬। ৯/৩/০ ৭। ৩০/৯৸৶০ ৮। ৮/৬৷৵০
৯। ৸৩৸/০ ১০। ৷৭৷৵০ ১১। সের /৭৷/১ ১২। ৷৮৷/২
১৩। ৷৯৷৵১০ ১৪। ৷৩৷৶১ ১৫। ৷৬৸৶১৫ ১৬। /৭৷/৪
১৭। তো. ৩৷৶২৷ ১৮। তো. ১৭৸৶৩৷ ১৯। তো. ১৫৷৶৪৸ ২০। তো. ১৩৶৫

৮ উদাহরণমালা। (৪১ পৃঃ)

১। মণ ১৮১।৩।৵০ ২। মণ ১২১৸৬॥৵০ ৩। ২৫৫।৯।৵০
৪। মণ ২৩৭॥৬৹ ৫। মণ ১৩৩/৮৵০ ৬। মণ ১১৫/১।৶
৭। মণ ১।৬।৶৪॥ ৮। মণ ১॥২৶১০ ৯। মণ ১॥২।০
১০। তো. ৩১।৵৪। ১১। তো. ২৬/১। ১২। তো. ২৬।/২॥

৯ উদাহরণমালা। (৪২ পৃঃ)

১। মণ ৩১।৩।/০ ২। মণ ৪৭৸৯৶০ ৩। মণ ৪৪/৭৶০
৪। মণ ১৯/৫॥৵০ ৫। সের /৪॥৵০ ৬। সের ।৪৸/১
৭। সের /৮৸/২৸ ৮। তোলা ৫/৪৸ ৯। তোলা ৪।৶০৸

১০ উদাহরণমালা। (৪৩ পৃঃ)

১। বিঘা ৪৬॥০৸৵০ ২। বি. ১৩৮/০।৵০ ৩। বি. ১৭২/০॥৵০
৪। বিঘা ১৩৫/০৶০ ৫। বি. ২৫৩৸৩৵০ ৬। বি. ২০৫॥৪৸০

১১ উদাহরণমালা। (৪৩ পৃঃ)

১। বিঘা ১৬৸১।/০ ২। বি. ৮/৪৶০ ৩। বি. ১৫॥৩॥৵০
৪। বি. ১॥২৶০ ৫। বি. ৪৪৸১।৵০ ৬। বি. ৩৬।৩৶০

১২ উদাহরণমালা। (৪৫ পৃঃ)

১। টাকা ১৪২।/০ ২। টা. ১২৩।৵১০ ৩। টা. ২৯৫।৶৭॥
৪। টা. ২৬৩৵১৫ ৫। মণ ১৩০।০।০ ৬। বাকি টা. ২॥৶৭॥ } ফাজিল টা. ৬২।/১০ }
৭। বাকি টা. ৬।৵১২॥ } ফাজিল ৩৸/১৫ }

১৩ উদাহরণমালা। (৪৮ পৃঃ)

১। ৫০৮। ২। ১১৩৪। ৩। ১৬৯৬। ৪। ৩১২৫।
৫। ৪৩৯২। ৬। ৫৭৭৫। ৭। ২৪৪০। ৮। ৪০১৪।
৯। ২৪৬৪০। ১০। ৪০৯২। ১১। ৫৪৭২। ১২। ১৮০৯৬।
১৩। ৮০০৮। ১৪। ৮১১২। ১৫। ৪১৩১। ১৬। ৪২১২।
১৭। ১০৮৭৫। ১৮। ৮৩৭৫। ১৯। ১০৩৭১৪। ২০। ৩১২৩৫৪।
২১। ৫৩১৫০০। ২২। ১৪৬২৭৩৪। ২৩। ৩০৭১৫৩৫। ২৪। ১৫৪১৬৬৪।
২৫। ৫৯০৩১৪৪। ২৬। ৫১৯২৭১৬। ২৭। ২২৭৫০২৮। ২৮। ১৫৪৬৭৯৬৪২১।

১৪ উদাহরণমালা। (৫০ পৃঃ)

১। ১৭৩। ২। ১২৫। ৩। ১২১, বাকি২। ৪। ১৪৫।
৫। ১১৫, বাকি২। ৬। ১১৯। ৭। ১২৫। ৮। ৮০১।

৯। ৩৪১। ১০। ৫২৩। ১১। ৫১। ১২। ৩৪৫৬৭৮।
১৩। ৭১১৯৮। ১৪। ১২৩৪৫। ১৫। ২২১৪১৮, বাকি ১৭৮।
১৬। ৬৭৮৯৪৫৬। ১৭। ৪৭২৮১২, বাকি ২০০। ১৮। ১৫৬৭৭০।
১৯। ৫০০০ টাকা। ২০। ১৩৬৩ টাকা।

১৫ উদাহরণমালা। (৫১ পৃঃ)

১। টাকা ২২৭৮।১০ ২। ৩২৬১।৵০ ৩। ৬৫৩১।৵৭॥
৪। ১৯১১৯৮৶১৫॥ ৫। ৩৮৪৬৭॥৶৩ ৬। ৮৬২৩৬/৭॥
৭। ২৯৩৩৶৵/১৭॥ ৮। ২০৭/৭॥ ৯। ৪৭৯॥৵০

১৬ উদহারণমালা। (৫৩ পৃঃ)

১। ৩৬।/৭॥ ২। ৮॥৶/৭॥ ৩। ২৬।৶/৭॥
৪। ১৪৫/৭৶/৪ ৫। ১৩৪॥১০ ৬। ৪০॥৶/১৬॥
৭। ৪৫।/৪ ৮। ১০৩॥৵/২ ৯। ২৩॥/৭॥
১০। ৫৩।১২ ১১। ৮।৵/১৫ ১২। ৫৬।/১০
১৩। ১২৫৶/১৬॥১২ ১৪। টা. ৩,১০॥ ১৫। ৩০৫॥৶/১৭৶/৯
১৬। টা. ৩০০।/১৬॥= ১৭। মণ ২।৩৶০ ১৮। টা. ১৮৵৫
১৯। পণ /১৫॥ ২০। টা. ২৬।৮/১০ ২১। ৩০॥৵০
২২। টা. ৪॥/১০ ২৩। টা. ২৶/৫ ২৪। টা. ২।/০

১৭ উদাহরণমালা। (৫৬ পৃঃ)

১। ১॥৶০ ২। টা. ৫/০ ৩। টা. ৬৫।১৩৶৫ দন্তী। ৪। টা. ১৪৩৵/১৫
৫। মণ ৪/০॥০ ৬। টা. ৫১৶০ ৭। টা. ৫৫৫।০ ৮। টা. ১৫০৩৶৶০
৯। টা. ৯৯১।/১০ ১০। মণ ১৭২১।৬ ১১। বি. ৩৪৩॥০॥৵০
১২। টাকা ৫০০৶০ ১৩। ৭১৩ টাকা। ১৪। টা. ৩৪৪৶৶/৭॥

১৮ উদাহরণমালা। (৫৮ পৃঃ)

১। ১৭২৮ পয়সা। ২। ২৩০৩ পয়সা! ৩। ৪৫৪৪০ কড়া।
৪। ৯৬৫৮০ কড়া। ৫। ১১৭৮ আনা। ৬। ১০০৮ পয়সা।
৭। ৪৮০০০ কড়া। ৮। ৭২৫৫ আনা। ৯। ২০৬০ পাই।
১০। ৬০৩৫ পাই। ১১। ৬৩৩ সের। ১২। ১৬৯৮ ছটাক।
১৩। ১০২২সের ১৪। ৫০৩কাঠা ১৫। ৬৬৪০তোলা ১৬। ৫০৭২ছটাক।

১৯ উদাহরণমালা। (৫৮ পৃঃ)

১। টাকা ৯৶৫ ২। ২৬ টাকা। ৩। ৬ টাকা। ৪। টাকা ৩।৵০
৫। ১২ টাকা। ৬। ১৩ টাকা। ৭। টাকা ২৫॥০ ৮। ৫৩ টাকা।
৯। ২ টাকা। ১০। টাকা ৩।০ ১১। ১৮/ মণ। ১২। ৮/ মণ।
[illegible] ১৪। ৭/ বিঘা। ১৫। ১৩/ বিঘা। ১৬। বিঘা ১৪।০